# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Ashar 24, 1433 Bangla, July 08, 2026, Wednesday, No. 183, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman, while visiting Bangladesh Army's Summer Training-2026 program, has directed members Bangladesh army to discharge their duties with highest professionalism. (Jago FM: 10)

Labor and Employment and Expatriates' Welfare and Overseas Employment Minister has informed that Malaysia has reopened its labour market for Bangladeshi workers. (BBC: 03)

Prime Minister's Information and Broadcasting Adviser has said, government is planning to hold Union Parishad elections from first of October. (BBC: 03)

Government has taken investment plan of 54,000 crore taka to bring back industrial establishments closed for long period into mainstream of economy. (Jago News: 11)

Flood Forecasting and Warning Center has forecast short-term flood situation in various districts of Chittagong, Sylhet, Mymensingh and Rangpur divisions. (BBC: 03)

Tourist spots in hill districts of Bandarban, Rangamati and Khagrachari have been closed due to waterlogging on roads and fears of landslides. (BBC: 04)

Ain o Salish Kendra has said, at least 10 Bangladeshis were killed along Bangladesh-India Border during this year’s first six months. (BBC: 04)

Two leaders and activists of banned Jubo League have been arrested on suspicion of explosion at NCP rally in Savar. (DW: 08)

Iran has said, negotiations with US on final deal will not start if threat continues. (R. Tehran: 07)

At least nine police officers have been killed in an attack by gunmen in Pakistan's Balochistan province. (BBC: 06)

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**আষাঢ় ২৪, বাংলা ১৪৩৩, জুলাই ০৮, ২০২৬, বুধবার, নং- ১৮৩, ৫৬তম বছর**

# শিরোনাম

বাংলাদেশ সেনাবাহিনীর গ্রীষ্মকালীন প্রশিক্ষণ -২০২৬ কার্যক্রম পরিদর্শন কালে সেনাবাহিনীকে সর্বোচ্চ পেশাদারিত্বের সঙ্গে দ্বায়িত্ব পালনের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: ১০)

বাংলাদেশের শ্রমিকদের জন্য মালয়েশিয়ার শ্রমবাজার উন্মুক্ত হয়েছে, জানালেন শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী। (বিবিসি: ০৩)

অক্টোবর মাসের প্রথম দিকে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠানের পরিকল্পনা করা হচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা। (বিবিসি: ০৩)

দীর্ঘদিন বন্ধ থাকা শিল্পপ্রতিষ্ঠানগুলোকে নতুন করে অর্থনীতির মূলধারায় ফিরিয়ে আনতে ৫৪ হাজার কোটি টাকার বিনিয়োগ পরিকল্পনা সরকারের। (জাগো নিউজ: ১১)

চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ ও রংপুর বিভাগের বিভিন্ন জেলায় স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির পূর্বাভাস বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের। (বিবিসি: ০৩)

টানা বৃষ্টিতে সড়কে পানি ওঠায় এবং পাহাড়ধসের শঙ্কায় পার্বত্য জেলা বান্দরবান, রাঙামাটি এবং খাগড়াছড়ির পর্যটন স্পট বন্ধ ঘোষণা। (বিবিসি: ০৪)

আইন ও সালিশ কেন্দ্রের তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত বাংলাদেশ-ভারত সীমান্তে সহিংসতার ঘটনায় নিহত হয়েছেন ১০ জন। (বিবিসি: ০৪)

সাভারে এনসিপি-র সমাবেশে বিস্ফোরণের ঘটনায় কার্যক্রম নিষিদ্ধ যুবলীগের দুই নেতা-কর্মীকে সন্দেহভাজন হিসেবে গ্রেফতার। (ডয়েচে ভেলে: ০৮)

পাকিস্তানের বেলুচিস্তানে অস্ত্রধারীদের হামলায় অন্তত নয়জন পুলিশ সদস্য নিহত । (বিবিসি: ০৭)

ইরানের বিরুদ্ধে হুমকি অব্যাহত থাকলে চূড়ান্ত সমঝোতায় পৌঁছানোর জন্য আলোচনা শুরু হবে না বলে জানিয়েছে দেশটি। (বিবিসি: ০৬)

# বিবিসি

## অক্টোবরে শুরু হচ্ছে স্থানীয় সরকার নির্বাচন: প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা

আগস্ট মাসে তফসিল ঘোষণা করে অক্টোবরের প্রথম দিকে ইউনিয়ন পরিষদ নির্বাচনের পরিকল্পনা করা হচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। মঙ্গলবার সচিবালয়ে তথ্য অধিদপ্তর-এর সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানাতে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। নির্বাচন কমিশনের বরাত দিয়ে মি. রহমান বলেন, স্থানীয় সরকার নির্বাচনে সারা দেশকে হাওর, উত্তর-পূর্ব অঞ্চল, উপকূলীয় অঞ্চল, নদী প্রধান অঞ্চল এবং সমতল এভাবে ভাগ করে সময় নির্ধারণ করা হয়েছে। "নির্বাচন শুরু হওয়ার পরে দশ থেকে বারো মাস, অর্থাৎ এই অক্টোবরে যদি শুরু হয়, পরের বছরের অক্টোবর নাগাদ সব নির্বাচন শেষ হবে, ২০২৭-এর অক্টোবর নাগাদ," বলেন মি. রহমান। তিনি জানান, স্থানীয় সরকার নির্বাচন সামনে রেখে নির্বাচন কমিশন পৃথক প্রাথমিক কর্মপরিকল্পনা বা রোডম্যাপ প্রণয়ন করেছে। "ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও সিটি করপোরেশন নির্বাচনের জন্য পৃথক রোডম্যাপ করা হয়েছে। চলতি মাসের শেষের দিকে এগুলো চূড়ান্ত করে প্রকাশ করা হতে পারে," বলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশিদের জন্য উন্মুক্ত মালয়েশিয়ার শ্রমবাজার: প্রবাসীকল্যাণ মন্ত্রী

বাংলাদেশের শ্রমিকদের জন্য সোমবার থেকে মালয়েশিয়ার শ্রমবাজার উন্মুক্ত হয়েছে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী। মঙ্গলবার সিলেট সার্কিট হাউসে তিনি সাংবাদিকদের এ কথা জানান। শ্রমবাজার প্রসঙ্গে মন্ত্রী বলেন, বিভিন্ন দেশের সঙ্গে ধারাবাহিক আলোচনা চালিয়ে যাচ্ছে সরকার। পর্যায়ক্রমে অন্যান্য দেশের শ্রমবাজারও উন্মুক্ত হবে বলেও জানান তিনি। মধ্যপ্রাচ্যের পর বাংলাদেশের সবচেয়ে বড় শ্রমবাজার মালয়েশিয়া। অনিয়ম আর সিন্ডিকেটের অভিযোগে গত প্রায় দুই বছর যাবৎ শ্রমিক নেওয়া বন্ধ রেখেছিল দেশটি। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## চট্টগ্রাম, রংপুরসহ চার বিভাগের বিভিন্ন জেলায় স্বল্পমেয়াদি বন্যার শঙ্কা

চট্টগ্রাম, সিলেট, ময়মনসিংহ ও রংপুর বিভাগের বিভিন্ন জেলায় স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির পূর্বাভাস দিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। মঙ্গলবার বন্যা তথ্যকেন্দ্রের সবশেষ বার্তায় বৃষ্টিপাত এবং নদ-নদীর পানি বৃদ্ধির পরিস্থিতিও জানানো হয়। এই সময়ে বন্দর নগরী চট্টগ্রামে সব থেকে বেশি বৃষ্টিপাত, ২৫৮ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। বন্যা তথ্য কেন্দ্রের পূর্বাভাসে উল্লেখ করা হয়েছে যে, অতি ভারী বৃষ্টিপাতের কারণে আগামী ২৪ থেকে ৭২ ঘণ্টায় বান্দরবান, কক্সবাজার, ফেনী, চট্টগ্রাম ও খাগড়াছড়ি জেলার কিছু কিছু স্থানে নদ-নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হতে পারে। যার ফলে এসব অঞ্চলের নদী সংলগ্ন নিচু এলাকায় স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে। এছাড়া উজানে ভারতের আসাম, মেঘালয়, ত্রিপুরা এবং পশ্চিমবঙ্গে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস থাকায় সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, নেত্রকোণা, শেরপুর ও ময়মনসিংহ জেলার নদ-নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হতে পারে। এসব জেলার নদী তীরবর্তী নিম্নাঞ্চল সাময়িকভাবে প্লাবিত হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এছাড়া, রংপুরের তিস্তা নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়ে নীলফামারী ও লালমনিরহাট জেলার নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি তৈরি করতে পারে বলেও জানানো হয়েছে। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের নির্বাহী প্রকৌশলী সরদার উদয় রায়হান বলছেন, আগামী তিন থেকে চারদিন ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস থাকায় দেশের উত্তর ও দক্ষিণ পূর্বাঞ্চলের বিভিন্ন জেলায় নদ-নদীর পানি বেড়ে আকস্মিক বন্যা পরিস্থিতি তৈরি হতে পারে। তবে, "তিন থেকে চারদিন পর বৃষ্টির মাত্রা কমে আসার সঙ্গে সঙ্গে নদ-নদীর পানিও কমতে শুরু করবে। ফলে এখনই বন্যা স্থায়ী রূপ নেওয়ার শঙ্কা কম," বিবিসি বাংলাকে বলেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## বান্দরবানে পাহাড়ে আটকে পড়া পর্যটকদের বিষয়ে সবশেষ যা জানা যাচ্ছে

বাংলাদেশের পার্বত্য জেলা বান্দরবানে দুদিনের টানা ভারী বৃষ্টিতে শহরের বিভিন্ন এলাকায় জলাবদ্ধতার তৈরি হয়েছে। এছাড়া জেলার রুমা, রোয়াংছড়ি ও থানচিতে পাহাড় ধসের তিনটি ঘটনা ঘটেছে বলে জানিয়েছে জেলা প্রশাসন। এসব ঘটনায় হতাহতের কোনো খবর পাওয়া না গেলেও, পাহাড়ি এলাকায় ১৬১ জন পর্যটক আটকে পড়েছিলেন বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন জেলা প্রশাসক মো. সানিউল ফেরদৌস। তিনি জানান, টানা বৃষ্টিতে বান্দরবানের বিভিন্ন উপজেলার নদ-নদী ও পাহাড়ি ছড়ার পানি বেড়ে নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। তবে শহরে যে জলবদ্ধতা তৈরি হয়েছে, সেটি নদীর পানি বৃদ্ধির কারণে হয়নি বলে দাবি করেছেন জেলা প্রশাসক। "নদীর পানি বাড়লেও, সেটি এখনো বিপৎসীমার নিচ দিয়েই প্রবাহিত হচ্ছে। তবে শহরের বিভিন্ন স্থানে বৃষ্টির পানি জমে জলাবদ্ধতা তৈরি করেছিল, এখন পরিস্থিতি উন্নতি হয়েছে," বিবিসি বাংলাকে বলেন তিনি। এদিকে টানা বৃষ্টি ও পাহাড়ধসের কারণে যোগাযোগ ব্যবস্থা বন্ধ হয়ে যাওয়ায় রেমাক্রি ও নাফাখুম এলাকায় আটকে পড়া ১৬১ জন পর্যটককে মঙ্গলবার বিকেল পর্যন্ত নিরাপদে সরিয়ে আনা সম্ভব হয়েছে বলে জানিয়েছেন মি. ফেরদৌস। তিনি বলেন, "ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস থাকায় স্থানীয় বাসিন্দাদের আগেই সতর্ক করা হয়েছিল। তবে পর্যটকদের অনেকে দুর্গম পাহাড়ি এলাকায় আটকে পড়েছিলেন,

তাদের পর্যায়ক্রমে উদ্ধার করা হয়েছে।" মঙ্গলবার সকাল ৬টা পর্যন্ত ২৪ ঘণ্টায় বান্দরবানে ১২৮ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। আবহাওয়া অফিস জানিয়েছে, আগামী কয়েক দিন বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে। পর্যটকসহ সাধারণ মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিতে ১০ জুলাই পর্যন্ত বান্দরবানের সব পর্যটন কেন্দ্র বন্ধ ঘোষণা করেছে জেলা প্রশাসন। সোমবার পাহাড়ধসের কারণে বান্দরবানের সঙ্গে থানচি উপজেলার সড়ক যোগাযোগ সাময়িকভাবে বন্ধ থাকলেও সেনাবাহিনী, ফায়ার সার্ভিস ও জেলা প্রশাসনের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে সড়ক থেকে ধসে পড়া মাটি সরিয়ে যান চলাচল স্বাভাবিক করেছে বলেও জানিয়েছে জেলা প্রশাসন।
(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## টানা বৃষ্টিতে বন্ধ তিন পার্বত্য জেলার পর্যটন স্পটগুলো

দু-দিন ধরে টানা বৃষ্টিতে বিভিন্ন সড়কে পানি উঠে যাওয়া এবং পাহাড়ধসের শঙ্কায় পার্বত্য জেলা বান্দরবান, রাঙামাটি এবং খাগড়াছড়ির পর্যটন স্পটগুলো বন্ধ রাখা হয়েছে। পর্যটকদের নিরাপত্তা নিশ্চিতে ১০ জুলাই পর্যন্ত বান্দরবান জেলার সব পর্যটন কেন্দ্র বন্ধ ঘোষণা করেছে বান্দরবান জেলা প্রশাসন। জেলার তিনটি স্পটে পাহাড়ধসের ঘটনা ঘটেছে বলেও জানিয়েছেন জেলা প্রশাসক। এছাড়া নদ-নদীর পানি বেড়ে পাহাড়ি সড়কগুলো পানিতে তলিয়ে যাওয়া এবং বিভিন্ন স্থানে পাহাড় ধসের শঙ্কা থাকায় পর্যটন স্পটগুলোতে আপাতত ভ্রমণ না করার নির্দেশনা দেওয়া হয়েছে। খাগড়াছড়ির জেলা প্রশাসক মো. আনোয়ার সাদাত বলছেন, ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাসকারীদের আশ্রয়কেন্দ্রে আসার জন্য মাইকিংকরা সহ সব ধরনের পদক্ষেপ নিয়েছেন তারা। "নদীর পানি কিছুটা কমেছে, এখন বৃষ্টিও নেই- বৃষ্টি না হলে বুধবার সকাল থেকেই পরিস্থিতি স্বাভাবিক হওয়া শুরু হবে। খাগড়াছড়ি শহর পর্যন্ত যোগাযোগে এখন কোনো সমস্যা নেই। তবে রাঙামাটি জেলা প্রশাসন সাজেকে যাওয়া বন্ধ রেখেছে," বিবিসি বাংলাকে বলেন মি. সাদাত।
(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ নারগীস)

## টানা বৃষ্টি আর কতদিন চলবে?

মৌসুমি স্থল নিম্নচাপের কারণে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টি অব্যাহত রয়েছে। বিশেষ করে চট্টগ্রাম, রংপুর ও সিলেটসহ দেশের ছয় বিভাগে ভারী থেকে অতি ভারী বৃষ্টির খবর দিয়েছে আবহাওয়া অফিস। মঙ্গলবার দেশে সবথেকে বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে চট্টগ্রামে। সন্ধ্যা ছয়টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় ৩৯৪ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। আবহাওয়া পূর্বাভাস অনুযায়ী, টানা বৃষ্টির এই প্রভাব আরও অন্তত চারদিন অর্থাৎ ১১ জুলাই পর্যন্ত অব্যাহত থাকতে পারে। আবহাওয়া অফিস বলছে, মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর সক্রিয় অবস্থায় রয়েছে। আগামী ১২ তারিখ থেকে বৃষ্টির প্রভাব কমতে শুরু করবে বলেও জানানো হয়। এদিকে, দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত অব্যাহত রেখেছে আবহাওয়া অধিদপ্তর।
(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ নারগীস)

## 'সতর্কতা' সত্ত্বেও গত ছয় মাসে ভারত-বাংলাদেশ সীমান্তে ১০ জন নিহত কেন?

ভারত থেকে কথিত 'পুশ-ইন' ঠেকাতে কয়েক মাস ধরেই সীমান্তে নজরদারি ও সতর্কতা বাড়ানোর কথা বলছে বাংলাদেশ সরকার। তবে এরপরও প্রাণহানি থামেনি। স্থানীয় মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের (আসক) তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত বাংলাদেশ-ভারত সীমান্তে ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) সংশ্লিষ্ট অন্তত ২১টি সহিংসতার ঘটনা নথিভুক্ত করা হয়েছে। আর এসব ঘটনায় মোট ১০ জন নিহত হয়েছেন, যাদের মধ্যে সাতজনই নিহত হন গুলিতে। এদিকে, গত ছয় মাসে বিভিন্ন সীমান্ত সহিংসতার ঘটনায় বিএসএফের হাতে ছয়জন নিহত হওয়ার তথ্য বিবিসি বাংলাকে জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। ২০২৪ সালের আগস্টে বাংলাদেশে রাজনৈতিক পটপরিবর্তনের পর বাংলাদেশ ও ভারতের সম্পর্কে টানাপড়েন তৈরি হয়। এরপর সীমান্তে 'পুশ-ইন' নিয়ে নতুন করে উত্তেজনা দেখা দেয় এবং তার পরিপ্রেক্ষিতে সীমান্তে টহল ও নজরদারিও বাড়ানো হয়। বাংলাদেশের বিজিবি 'সর্বোচ্চ সতর্ক অবস্থায়' থাকার কথাও জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ। তবে কড়াকড়ির কথা বলা হলেও সীমান্তে নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়ে বছরের পর বছর ধরে পরিস্থিতি যেমন ছিল, এর তেমন কোনো পরিবর্তন এখনো হয়নি বলে মনে করছেন বিশ্লেষকরা।

### ছয় মাসে সীমান্তে নিহত ১০ জন

মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্র (আসক) বলছে, ২০২৬ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ছয় মাসে বিএসএফ-এর হাতে অন্তত ১০ জন বাংলাদেশি নিহত হয়েছেন; এর মধ্যে সাতজন গুলিতে এবং তিনজন শারীরিক নির্যাতনের কারণে প্রাণ হারান। গুলিতে নিহতদের মধ্যে সিলেট বিভাগে তিনজন, রংপুরে দুইজন এবং চট্টগ্রামে দুইজন ছিলেন। নির্যাতনে নিহতদের মধ্যে রাজশাহী বিভাগে ছিলেন দুইজন এবং রংপুর বিভাগে একজন। বাংলাদেশের বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন থেকে এসব তথ্য সংগ্রহের কথাও জানিয়েছে আসক। তাদের হিসাবে, একই সময়ে সীমান্ত সহিংসতায় আহত হয়েছেন আরও ১০ জন। এর মধ্যে চট্টগ্রাম বিভাগে পাঁচজন, খুলনা ও রংপুর বিভাগে দু-জন করে এবং রাজশাহী বিভাগে একজন আহত হন। বিবিসি বাংলাকে আসক জানিয়েছে, হতাহতের ঘটনাগুলো মূলত খুলনা বিভাগের ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, সাতক্ষীরা; সিলেট বিভাগের মৌলভীবাজার ও সিলেট জেলার কোম্পানীগঞ্জ, রাজশাহী বিভাগের চাঁপাইনবাবগঞ্জ, রংপুর বিভাগের লালমনিরহাট, কুড়িগ্রাম, ঠাকুরগাঁও এবং চট্টগ্রাম

বিভাগের ব্রাহ্মণবাড়িয়ায় ঘটেছে। এছাড়া, রংপুর বিভাগে একজনকে অপহরণ বা আটক করার ঘটনাও নথিভুক্ত করেছে আসক। তবে এই সময়ে বিএসএফের ধাওয়া খেয়ে কারও মৃত্যুর ঘটনা রেকর্ড হয়নি। সেইসাথে, অপহরণ বা আটক হওয়ার পর কাউকে ফেরত দেওয়ার ঘটনাও সংস্থাটির হিসাবে নেই। এদিকে, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) বিবিসি বাংলাকে জানিয়েছে, তাদের হিসেবে গত ছয় মাসে বিভিন্ন সীমান্ত সহিংসতার ঘটনায় বিএসএফের হাতে ছয়জন নিহত হয়েছেন এবং এই নিহতদের মাঝে বাংলাদেশিদের পাশাপাশি একজন ভারতের নাগরিকও রয়েছেন। বিজিবির তথ্য অনুযায়ী, এপ্রিল মাসে যে দু-জন নিহত হয়েছেন, তাদের মধ্যে একজন ছিলেন ভারতীয়। এছাড়া, মে মাসে তিনজন ও জুন মাসে একজন বাংলাদেশি প্রাণ হারিয়েছেন।

**বিগত বছরগুলোয় একই সময়ে হতাহত কত ছিল?**

আইন ও সালিশ কেন্দ্রের তথ্য অনুযায়ী, গত বছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত সময়ে সীমান্তে আরও বেশিসংখ্যক বাংলাদেশি আহত ও নিহত হয়েছিলেন। ওই সময়ে ১৫ জন নিহত এবং ২৯ জন আহত হন। এর মধ্যে ১০ জন গুলিতে এবং পাঁচজন শারীরিক নির্যাতনের কারণে প্রাণ হারান। গুলিতে নিহতদের মধ্যে খুলনা ও রংপুর বিভাগে তিনজন করে, সিলেটে দুইজন এবং চট্টগ্রামে দুইজন ছিলেন। অন্যদিকে, শারীরিক নির্যাতনে নিহতদের মধ্যে রাজশাহী বিভাগে দুইজন এবং খুলনা, সিলেট ও চট্টগ্রাম বিভাগে একজন করে ছিলেন। একই সময়ে সীমান্ত সহিংসতার বিভিন্ন ঘটনায় আহত হন আরও ২৯ জন। এর মধ্যে খুলনা বিভাগে ১৩ জন, রাজশাহীতে সাতজন, রংপুরে পাঁচজন, চট্টগ্রামে তিনজন এবং সিলেটে একজন আহত হন। এছাড়া, ওই সময়ের মাঝে নয়জনকে অপহরণ বা আটক করার ঘটনাও নথিভুক্ত করে আসক। এর আগের বছর, ২০২৪ সালের একই সময়ে নিহত হন ১৪ জন এবং আহত হন ১১ জন। এদিকে, ২০২৩ সালেও সীমান্তে নিহতের সংখ্যা ছিল ১১ জন, আহত হন ১৪ জন। এর আগে, ২০২২ সালের জানুয়ারি-জুন, এই সময়ে নিহত হন পাঁচজন এবং আহত হন চারজন। ২০২১ সালের একই সময়ে নিহত হন ছয়জন এবং আহত হন চারজন। গত কয়েক বছরের মধ্যে সবচেয়ে বেশি প্রাণহানির ঘটনা ঘটে ২০২০ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত সময়ে। ওই ছয় মাসে সীমান্তে ২৬ জন বাংলাদেশি নিহত এবং ১৫ জন আহত হন। এরও আগে, ২০১৯ সালের একই সময়ে সীমান্তে ২০ জন নিহত হন এবং আহত হন পাঁচজন।

**কড়াকড়ি সত্ত্বেও সীমান্ত হত্যা বন্ধ হচ্ছে না কেন?**

চলতি বছরের গত ছয় মাসের ওইসব ঘটনা বা তার আগের বছরগুলোর জানুয়ারি থেকে জুন মাসের মাঝে ঘটে যাওয়া ঘটনাগুলো কম-বেশি স্থানীয় পত্র-পত্রিকায় এসেছে। সেগুলোর বেশ কিছু খবর পর্যালোচনা করে দেখা গেছে, প্রতিটি প্রাণহানি পেছনে পরিস্থিতি একই ধরনের ছিল না। কেউ সীমান্ত পেরিয়ে গবাদিপশু আনতে গিয়েছিলেন, কাউকে চোরাকারবারি হিসেবে অভিযুক্ত করা হয়েছে, কেউ বা আবার গবাদিপশুর জন্য ঘাস কাটতে গিয়েছিলেন। বাংলাদেশের একজন নিরাপত্তা বিশ্লেষক অবসরপ্রাপ্ত মেজর এমদাদুল ইসলামের মতে, সীমান্ত হত্যার ক্ষেত্রে ভারত যেমন 'অনুপ্রবেশ' ইস্যুটিকে সামনে আনে, সেটা সব ঘটনার ক্ষেত্রে একভাবে দেখার সুযোগ নেই। কারণ বাংলাদেশ ও ভারতের সীমান্তবর্তী এলাকার মানুষের মধ্যে দীর্ঘদিনের আত্মীয়তার সম্পর্ক রয়েছে। অনেকেই তাদের আত্মীয়-স্বজনের সঙ্গে দেখা করতে সীমান্ত পার হওয়ার চেষ্টা করেন। "এপাড়ের আত্মীয়-স্বজন মনে করে, ওপাড়ে গিয়ে একটু দেখে আসি। অথবা, এপাড়ের গরু ওপাড়ে গেছে এবং তখন সেই গরু আনতে যাওয়ায় গুলি করে দিয়েছে বিএসএফ," বলছিলেন তিনি। পরিসংখ্যান অনুযায়ী, গত বছরের তুলনায় চলতি বছরের প্রথমার্ধে সীমান্তে হতাহতের সংখ্যা কিছুটা কম হওয়ার পেছনে সীমান্তে কড়াকড়ি বাড়ানোর প্রভাব রয়েছে বলে মনে করেন তিনি। যদিও আরও আগের বছরগুলোর, বিশেষ করে ২০১৯ সাল থেকে ২০২৪ সাল, একই সময়সীমার দিকে তাকালে দেখা যায়, ২০২১ ও ২০২২ সাল ছাড়া বাকি বছরগুলোয় বিএসএফের হাতে উল্লেখযোগ্যসংখ্যক প্রাণহানির ও আহতের ঘটনা ঘটেছে। সেই সময়ের ব্যাপারে মি. ইসলাম বলেন, অতীতে সীমান্তে হতাহতের বড়ো একটি কারণ ছিল গবাদি পশু চোরাচালান। তবে বাংলাদেশে গরুর খামার বাড়ায় এবং দেশ গরু উৎপাদনে অনেকটাই স্বয়ংসম্পূর্ণ হয়ে ওঠায় এই চোরাচালান আগের তুলনায় কমেছে। একসময় ফেনসিডিল পাচারও সীমান্তে সংঘাতের একটি বড়ো কারণ ছিল। তবে মানবাধিকারকর্মী নূর খান লিটনের মতে, 'পুশ-ইন' ইস্যুতে সীমান্তে কড়াকড়ি বাড়লেও সীমান্ত হত্যা বন্ধ হওয়ার মতো পরিস্থিতি তৈরি হয়নি। কারণ চার হাজার কিলোমিটারের বেশি দীর্ঘ সীমান্তে সব জায়গায় একই মাত্রার নজরদারি রাখা সম্ভব নয়। টহলের মধ্যেও ফাঁক থেকে যায়, আর সেই সুযোগেই মানুষ সীমান্ত অতিক্রম করে। তিনি বলেন, "এপাড়-ওপাড়ের মানুষ একটি রেখার মধ্যদিয়ে যেভাবে বিভাজিত... দেখা গেছে যে, একটি জমির বা বাড়ির এক অংশ বাংলাদেশে, আরেক অংশ ভারতে, সেখানে দুই দেশের মানুষ প্রয়োজনে বা আত্মীয়তার কারণে আসা-যাওয়া করে। এটা তাদের দীর্ঘদিনের বাস্তবতা।"

বাংলাদেশ থেকে অনেকে চিকিৎসা, বাজার-সদাই, পূজাপার্বণ দেখতে ভারতে যান। আবার, ভারতের যে-সব এলাকায় বাজার-ঘাট দূরে, তারাও বাংলাদেশে বাজার করতে আসেন- উল্লেখ করে তিনি অভিযোগ করেন, "অনেক সময় বাংলাদেশের নাগরিকরা সীমান্তের কাছাকাছি গেলে ভারত গুলি চালায়। এক্ষেত্রে অজুহাত দেখায় যে চোরাকারবারি।" তবে তার অভিমত, চোরাচালানের অভিযোগ থাকলে গুলি না করে তাদের আটক করে বিচারের মুখোমুখি করা যেতে পারে। এদিকে, এমদাদুল ইসলামের মতো তিনিও মনে করেন যে, বর্তমানে 'পুশ-ইন' ঠেকাতে সীমান্তে বিজিবির

বাড়তি সতর্কতা এবং সীমান্ত এলাকার মানুষের সচেতনতার কারণে চলতি বছরের প্রথমার্ধে হতাহতের সংখ্যা কিছুটা কমেছে, কিন্তু এর মানে বলা যাবে না যে, পরিস্থিতির উন্নতি হয়েছে। তার ভাষায়, "বিগত বছরগুলোতে এক সরকারের সাথে আরেক সরকারের সম্পর্ক 'ভালো' হলেও সীমান্ত হত্যাকাণ্ড কখনোই থেমে থাকেনি। সুসম্পর্ক থাকাকালীনও সীমান্ত হত্যা ঘটেছে, কখনও কখনও সংখ্যায় অনেক বেশি। এটা আসলে দুই দেশের সম্পর্কের বিষয় না।" "আমরা বলি যে, সম্পর্ক 'ভালো' ছিল। কিন্তু সম্পর্ক যে-সব বিষয়কে বিবেচনায় নিয়ে ভালো বা মন্দ বলা হয়, সেই বিষয়গুলোকে হিসেবে নেওয়া হয়নি। যেমন- সীমান্ত হত্যাকাণ্ড, বাণিজ্য, সাংস্কৃতিক বিনিময়কে সামনে আনলে সম্পর্ক ভালো ছিল বলার সুযোগ নেই।" (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ নারগীস)

## চট্টগ্রামে ভারী বৃষ্টি; কক্সবাজারের সঙ্গে রেল যোগাযোগ বন্ধ

চট্টগ্রামে ভারী বৃষ্টিতে রেললাইনের ওপর পানি উঠে যাওয়ায় পর্যটন নগরী কক্সবাজারের সঙ্গে রেল যোগাযোগ বন্ধ হয়ে গেছে। মঙ্গলবার দুপুর থেকেই নগরীর ষোলশহর এলাকায় আটকে আছে কক্সবাজারগামী পর্যটক এক্সপ্রেস ট্রেন। আর অপরদিকে জান আলি হাট স্টেশনে আটকে রয়েছে চট্টগ্রামগামী প্রবাল এক্সপ্রেস। চট্টগ্রাম রেলওয়ে স্টেশনের অ্যাসিস্টেন্ট অপারেটিং সুপারিন্টেডেন্ট আবু বকর ছিদ্দিকী জানান, রেল লাইনে পানি উঠে যাওয়ায় ষোলশহর থেকে কক্সবাজারের দিকে আর এগোতে পারেনি পর্যটক এক্সপ্রেস। "রেল লাইন পানিতে ডুবে যাওয়ায় ট্রেন চালানো সম্ভব হচ্ছে না, আপাতত ষোলশহর থেকে কক্সবাজারে রেল যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছে। আমরা পরিস্থিতি উন্নতি হওয়ার অপেক্ষায় আছি," বিবিসি বাংলাকে বলেন তিনি। এদিকে, বন্দরনগরী চট্টগ্রামে তৃতীয় দিনের মতো টানা বৃষ্টি অব্যাহত রয়েছে। মঙ্গলবার সকাল ছয়টা পর্যন্ত ২৪ ঘণ্টায় ২৮৩ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ নারগীস)

## ফ্রান্সের প্রেসিডেন্টের সফরের সময় দামেস্কে বিস্ফোরণ

ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ সিরিয়া সফরের সময় দেশটির রাজধানী দামেস্কের কেন্দ্রীয় এলাকায় বিস্ফোরণের খবর পাওয়া গেছে। ফরাসি প্রেসিডেন্টের সরকারি বাসভবন ও প্রেসিডেন্টের কার্যালয় জানিয়েছে, মঙ্গলবার সকালে এই বিস্ফোরণ হলেও প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ নিরাপদ আছেন। বর্তমানে প্রেসিডেন্ট ম্যাক্রোঁ সিরিয়ার প্রেসিডেন্ট আহমেদ আল-শারার সঙ্গে বৈঠক ও আলোচনার জন্য দামেস্কে অবস্থান করছেন। প্রেসিডেন্ট প্রাসাদে তাদের সাক্ষাৎ হওয়ার কথা রয়েছে। একটি নিরাপত্তা সূত্র বিবিসিকে জানিয়েছে, দুটি পৃথক স্থানে বিস্ফোরণের কয়েকজন আহত হয়েছেন বলে জানা গেছে। সিরিয়া সফর শেষে প্রেসিডেন্ট ম্যাক্রোঁ নেটো সম্মেলনে যোগ দিতে তুরস্কে যাবেন। প্রেসিডেন্টের কার্যালয় এলিসি প্রাসাদের তথ্য অনুযায়ী, তার সফরসূচি পরিকল্পনা অনুযায়ীই চলছে এবং এতে কোনো পরিবর্তন আনা হয়নি। বিস্ফোরণের খবরে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও ও ছবিতে দেখা গেছে, দামেস্কের একটি হোটেলের কাছে একটি গাড়ি থেকে ধোঁয়া ও আগুনের শিখা বের হচ্ছে। এদিকে সিরিয়ার রাষ্ট্রীয় টেলিভিশন জানিয়েছে, প্রেসিডেন্ট আহমেদ আল-শারা প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁকে প্রেসিডেন্ট প্রাসাদে স্বাগত জানিয়েছেন। বিবিসি ভেরিফাই বিস্ফোরণের ভিডিও ফুটেজ পর্যালোচনা করে দেখেছে, রাজধানীর অন্যতম প্রধান সড়ক শুকরি আল-কুয়াতলি স্ট্রিটের ফুটপাথে বিস্ফোরণগুলো ঘটেছে। স্থানটি দামেস্কের ফোর সিজনস হোটেল থেকে প্রায় ১২৫ মিটার দূরে। ফরাসি কর্তৃপক্ষ জানিয়েছে, প্রেসিডেন্ট প্রাসাদে যাওয়ার পথে প্রেসিডেন্ট ম্যাক্রোঁ কোনো বিস্ফোরণের শব্দ শুনতে পাননি। সোমবার সন্ধ্যায় সিরিয়ায় পৌঁছানো ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ, বাশার আল-আসাদের ২৪ বছরের শাসনের অবসানের পর সিরিয়া সফরকারী ইউরোপীয় ইউনিয়নের প্রথম রাষ্ট্রপ্রধান। জুলাইয়ের শুরুতে দামেস্কের কেন্দ্রস্থলের একটি ব্যস্ত ক্যাফেতে বোমা বিস্ফোরণে অন্তত নয়জন নিহত এবং আরও ২২ জন আহত হন বলে সিরিয়ার রাষ্ট্রীয় গণমাধ্যম নিশ্চিত করেছিল। (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ নারগীস)

## পাকিস্তানের বেলুচিস্তানে অস্ত্রধারীদের হামলায় নয়জন পুলিশ সদস্য নিহত

পাকিস্তানের বেলুচিস্তানের জিয়ারত জেলার মাঙ্গি এলাকায় অস্ত্রধারীদের হামলায় অন্তত নয়জন পুলিশ সদস্য নিহত হয়েছেন। জেলার ডেপুটি কমিশনার আবদুল কুদ্দুস আসাকজাই নিশ্চিত করেছেন যে, নির্মাণাধীন মাঙ্গি ড্যাম এলাকায় ঘটনাটি ঘটেছে। তার মতে, যে-সব সদস্যের ওপর হামলা চালানো হয়েছে, তারা নির্মাণকাজের স্থানে দায়িত্ব পালন করছিলেন। ডেপুটি কমিশনার জানান, হামলায় অন্তত নয়জন পুলিশ সদস্য নিহত হয়েছেন। এছাড়া কয়েকজন সদস্য এখনো নিখোঁজ রয়েছেন। এ ঘটনার প্রতিবাদে গত রাত থেকে পাশের পিশিন জেলার জাতীয় মহাসড়কে বিক্ষোভ চলছে। বিক্ষোভকারীরা বলছেন, বিপুলসংখ্যক অস্ত্রধারী ওই এলাকায় প্রবেশ করে ২০ জনের বেশি পুলিশ কর্মকর্তাকে অপহরণ করেছে। বেলুচিস্তানের মুখ্যমন্ত্রীর গণমাধ্যমবিষয়ক সহকারী শাহিদ রিন্দ বলেছেন, ডিএসপি গোলাম সরওয়ারসহ আটজন পুলিশ সদস্য দুর্গম পাহাড়ি পথ পেরিয়ে নিরাপদে কুচ থানা এলাকায় পৌঁছেছেন। এছাড়া রিজওয়ান নামের একজন কনস্টেবলকেও উদ্ধার করা হয়েছে। এ হামলার দায় এখন পর্যন্ত কোনো গোষ্ঠী স্বীকার করেনি। তবে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এবং বেলুচিস্তানের মুখ্যমন্ত্রীর গণমাধ্যমবিষয়ক সহকারী শাহিদ রিন্দের দেওয়া বিবৃতিতে বলা হয়েছে, হামলাকারীরা 'ফিতনা আল-খাওয়ারিজ'-এর সঙ্গে সম্পৃক্ত ছিল। ২০২৪ সালের আগস্ট থেকে পাকিস্তান সরকার সব মন্ত্রণালয় ও সরকারি বিভাগকে নিষিদ্ধ ঘোষিত তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি)-এর ক্ষেত্রে 'ফিতনা আল-খাওয়ারিজ' শব্দটি ব্যবহারের নির্দেশ দিয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## হুমকি যতদিন চলবে, ততদিন চূড়ান্ত আলোচনা নয় : আরাঘচি

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, "ইরানের বিরুদ্ধে হুমকি যতদিন অব্যাহত থাকবে, ততদিন চূড়ান্ত সমঝোতায় পৌঁছানোর জন্য আলোচনা শুরু হবে না।" মঙ্গলবার সামাজিক মাধ্যম এক্সে তিনি লিখেছেন, "সমঝোতা স্মারকের ১৩ নম্বর অনুচ্ছেদ সম্পূর্ণ পরিষ্কার এবং দ্ব্যর্থহীন : ইরানের বিরুদ্ধে হুমকি যতদিন অব্যাহত থাকবে, ততদিন চূড়ান্ত সমঝোতায় পৌঁছানোর জন্য আলোচনা শুরু হবে না। আপনার স্বাক্ষরের প্রতি অটল থাকুন।" কয়েক ঘণ্টা আগে ডোনাল্ড ট্রাম্প তার সর্বশেষ বক্তব্যে আবারও ইরানকে হুমকি দেন। তিনি বলেন, ইরানের সঙ্গে কোনো সমঝোতা না হলে তিনি "কাজটি শেষ করবেন"। এরপর নিজের সবশেষ পোস্টে আব্বাস আরাঘচি আয়াতুল্লাহ ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির অন্ত্যেষ্টিক্রিয়ার প্রসঙ্গ উল্লেখ করে বলেছেন, "লাখো গর্বিত ইরানি ঐক্য ও সংহতির সঙ্গে একত্রিত হয়েছিল" ইরানের সাবেক নেতার প্রতি "শ্রদ্ধা জানাতে"। "তারা কিংবা আমাদের সাহসী সশস্ত্র বাহিনী- কেউই কোনো হুমকিকে ভয় পায় না," জোর দিয়ে বলেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## ইরান যুদ্ধে নেটোর ভূমিকায় হতাশ ট্রাম্প

ইরানের সাথে মার্কিন যুক্তরাষ্ট্রের যুদ্ধে নেটোর ইউরোপীয় মিত্রদের ভূমিকায় "খুবই হতাশ" বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। নেটো শীর্ষ সম্মেলনে যোগ দিতে বর্তমানে তুরস্কের রাজধানী আঙ্কারায় রয়েছেন মার্কিন প্রেসিডেন্ট। সেখানেই দেশটির প্রেসিডেন্ট রেচেপ তাইপ এরদোয়ানের সাথে বৈঠকের সময় সাংবাদিকদের ট্রাম্প বলেন, "আমি নেটো নিয়ে খুবই হতাশ।" "আমাদের কোনো সাহায্যের প্রয়োজন ছিল না এবং আমি একরকম তাদের পরীক্ষা করছিলাম," বলেও মন্তব্য করেন ট্রাম্প। ট্রাম্প বলেন, "আমি দেখতে চেয়েছিলাম যে তারা (নেটোর সদস্য দেশগুলো) আমাদের পাশে থাকবে কি না। কারণ আমি দীর্ঘদিন ধরেই বলে আসছি যে আমরা তাদের সাহায্য করেছি, কিন্তু আমি নিশ্চিত নই যে তারা আমাদের পাশে আছে কি না।" (বিবিসি ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## আইএমও কাউন্সিলে আমিরাতের ইরান-বিরোধী নথি রাজনৈতিক ও আইনের লঙ্ঘন: তেহরান

আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থার (আইএমও) কাউন্সিলকে সম্বোধন করে পাঠানো একটি আনুষ্ঠানিক নথিতে, ইসলামী প্রজাতন্ত্র ইরান হরমুজ প্রণালীর ভবিষ্যৎ সংক্রান্ত সংযুক্ত আরব আমিরাত এবং এর মিত্র আটটি দেশের ইরান-বিরোধী প্রস্তাবকে পক্ষপাতদুষ্ট, রাজনৈতিক এবং আইনি ভিত্তিহীন বলে অভিহিত করেছে এবং এই সংস্থাটিকে সদস্য রাষ্ট্রগুলোর বিরুদ্ধে রাজনৈতিক চাপ প্রয়োগের মঞ্চে পরিণত হওয়া থেকে বিরত রাখার আহ্বান জানিয়েছে। ইরনা-কে উদ্ধৃত করে পার্সটুডে জানিয়েছে, ইসলামী প্রজাতন্ত্র ইরানের নথিতে বলা হয়েছে, সংযুক্ত আরব আমিরাতের জমা দেওয়া প্রস্তাবটি একটি পক্ষপাতদুষ্ট ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বয়ানের উপর ভিত্তি করে তৈরি এবং এতে আগ্রাসনের শিকার দেশের উপর দায় চাপানো হয়েছে, বর্তমান অস্থিতিশীলতার মূল কারণগুলোকে উপেক্ষা করে এবং সামুদ্রিক নিরাপত্তা, নাবিকদের কল্যাণ ও গুরুত্বপূর্ণ নৌপথ রক্ষার আড়ালে আইএমও কাউন্সিলকে ইসলামী প্রজাতন্ত্র ইরানের বিরুদ্ধে রাজনৈতিক চাপ প্রয়োগের একটি হাতিয়ারে পরিণত করার চেষ্টা করা হয়েছে।

তেহরান জোর দিয়ে বলেছে, ইরানের বিরুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইসরায়েলি শাসনের বৈরী কর্মকাণ্ডের সাথে যুক্ত হয়ে সংযুক্ত আরব আমিরাতসহ কিছু দেশের ভূখণ্ড, আকাশসীমা, সামরিক সরঞ্জাম, ঘাঁটি, স্থাপনা এবং লজিস্টিক অবকাঠামোর ব্যবহারকে প্রথাগত আন্তর্জাতিক আইন এবং জাতিসংঘ সাধারণ পরিষদের ৩৩১৪ নম্বর প্রস্তাবের ভিত্তিতে আগ্রাসনমূলক কাজ হিসেবে গণ্য করা। ইরান আইএমও কাউন্সিলকে এমন কোনো নথি অনুমোদন, অনুমোদন বা প্রেরণ করা থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছে, যা আন্তর্জাতিক দায়বদ্ধতা নির্ধারণ, বিতর্কিত আইনি ও বাস্তব বিষয়গুলিতে প্রাক-সালিশি, কোনো সদস্য রাষ্ট্রের উপর দায় আরোপ অথবা কোনো জলপথের আইনি ব্যবস্থা, সার্বভৌমত্ব এবং এখতিয়ার সম্পর্কে মতামত প্রকাশ করে। সামুদ্রিক নিরাপত্তা, নৌপরিবহন সুরক্ষা, নাবিকদের কল্যাণ, অনুসন্ধান ও উদ্ধার অভিযান, জরুরি প্রতিক্রিয়া, বন্দরের কার্যক্রম এবং সামুদ্রিক পরিবেশ সুরক্ষার গুরুত্বের উপর জোর দিয়ে ইরান ঘোষণা করেছে, তারা যান চলাচল পর্যবেক্ষণ, অনুসন্ধান ও উদ্ধার এবং জরুরি প্রতিক্রিয়া পরিষেবা বজায় রাখবে এবং নিরাপত্তা ও সুরক্ষা সমন্বয়ের সাপেক্ষে হরমুজ প্রণালী নৌপরিবহণের জন্য উন্মুক্ত থাকবে। তেহরান সতর্ক করেছে, মূল কারণ থেকে কথিত পরিণতিকে আলাদা করা হলে ভুক্তভোগী ও আগ্রাসনকারীর অবস্থান পাল্টে যায় এবং এটি আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থার কারিগরি বিশ্বাসযোগ্যতা ও নিরপেক্ষতাকে ক্ষুণ্ন করে। তেহরান স্মরণ করিয়ে দিয়েছে, হরমুজ প্রণালির কিছু অংশ ইসলামী প্রজাতন্ত্র ইরানের আঞ্চলিক জলসীমায় অবস্থিত এবং এই উপকূলীয় রাষ্ট্রটি আন্তর্জাতিক সমুদ্র আইনের ভিত্তিতে তার আঞ্চলিক সমুদ্রের ওপর সার্বভৌমত্ব, অধিকার এবং কর্তৃত্ব প্রয়োগ করে।

(রেডিও তেহরান ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ আলী আহমেদ)

## ফরাসি প্রেসিডেন্টের সফর চলাকালে বিস্ফোরণে প্রকম্পিত দামেস্ক; আহত ১৮, সফর অব্যাহত

ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাকরন সিরিয়ার নেতার সঙ্গে একটি গুরুত্বপূর্ণ বৈঠকে যাওয়ার পথে থাকাকালে মঙ্গলবার সকালে সিরিয়ার রাজধানী দামেস্কের কেন্দ্রস্থলে দুটি স্থানীয় বা হাতে তৈরি বিস্ফোরক (আইইডি) বিস্ফোরিত হয়। এতে ১৮ জন আহত হন। তবে এ দুটি বিস্ফোরণ ম্যাকরনের গাড়ি-বহর এলাকা ত্যাগ করার প্রায় ১৫ মিনিট পরে ঘটে এবং তাঁর সরকারি সফর কোনো বাধা ছাড়াই নির্ধারিত সূচি অনুযায়ী অব্যাহত রয়েছে। সিরিয়ার রাজধানীর কেন্দ্রস্থলে পর্যটন মন্ত্রণালয়ের ভবনের কাছে এ বিস্ফোরণের ঘটনা ঘটে। এটি ম্যাকরনের উচ্চপর্যায়ের কূটনৈতিক সফরের একই সময়ে ঘটল। সিরিয়ার স্বরাষ্ট্র মন্ত্রণালয় রাষ্ট্রীয় বার্তা সংস্থা সানা (SANA)-কে জানিয়েছে, বিস্ফোরণে ১৮ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে ঘটনাস্থলের নিরাপত্তার দায়িত্বে থাকা চারজন পুলিশ সদস্যও রয়েছেন। মন্ত্রণালয়ের তথ্যমতে, নিয়মিত নিরাপত্তা তল্লাশির সময় অভ্যন্তরীণ নিরাপত্তা বাহিনী দুটি বিস্ফোরক শনাক্ত করে। এরপর বিশেষায়িত বোমা নিষ্ক্রিয়কারী দল ঘটনাস্থলে পৌঁছে সেগুলো নিষ্ক্রিয় করার কাজ শুরু করে। তবে নিষ্ক্রিয় করার প্রস্তুতি চলাকালেই বিস্ফোরক দুটি বিস্ফোরিত হয়। এর পরপরই নিরাপত্তা বাহিনী পুরো এলাকা ঘিরে ফেলে এবং আশপাশে তল্লাশি ও নিরাপত্তা নিশ্চিত করতে অভিযান শুরু করে। প্রাথমিক তদন্তে জানা গেছে, বিস্ফোরক দুটি ছিল অস্থায়ীভাবে তৈরি। এর মধ্যে একটি পার্ক করে রাখা একটি গাড়ির ভেতরে লুকিয়ে রাখা হয়েছিল এবং অন্যটি একটি ময়লার পাত্রে স্থাপন করা হয়েছিল। কর্তৃপক্ষ জানিয়েছে, হামলার পূর্ণ পরিস্থিতি এবং এর সঙ্গে জড়িত ব্যক্তিদের শনাক্ত করতে ব্যাপক তদন্ত চলছে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ০৭.০৭.২০২৬ আলী আহমেদ)

# এনএইচকে

## হরমুজ প্রণালির কাছে জাহাজে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে আইআরজিসি: মার্কিন গণমাধ্যম

যুক্তরাষ্ট্রের একটি প্রধান সংবাদপত্র জানিয়েছে , মঙ্গলবার হরমুজ প্রণালির কাছে ইরানের ইসলামিক রে ভল্যুশনারি গার্ড কর্পস বা আইআরজিসি দুটি বাণিজ্যিক জাহাজে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। ওয়াল স্ট্রিট জার্নাল একজন ঊর্ধ্বতন মার্কিন কর্মকর্তার বরাত দিয়ে এই খবরটি প্রকাশ করেছে। প্রতিবেদনে বলা হয়েছে , জাহাজগুলোর মধ্যে একটি কাতারের এক সংস্থার মালিকানাধীন তরলীকৃত প্রাকৃতিক গ্যাস ট্যাংকার বলে মনে হচ্ছে। এদিকে , যুক্তরাজ্যের সামুদ্রিক বাণিজ্য সংস্থা ইউকেএমটিও এর আগে জানিয়েছিল যে , হরমুজ প্রণালির কাছে ওমানের জলসীমায় একটি ট্যাংকার অজ্ঞাত কোনো বস্তুর আঘাতে ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে জাহাজে আগুন লাগার খবর তারা পেয়েছে। তবে, সংস্থাটি জানিয়েছে, এই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। এছাড়াও , হরমুজ প্রণালির কাছে ২৫ জুন একটি পণ্যবাহী জাহাজ হামলার শিকার হয় এবং এরপর ২৭ জুন একটি ট্যাংকারের উপর হামলা চালানো হয়। যুদ্ধ বন্ধের লক্ষ্যে যুক্তরাষ্ট্র-ইরান সমঝোতা স্মারক কার্যকর হ ওয়ার পরেই এই হামলাগুলো চালানো হয়। মার্কিন সামরিকবাহিনী জানিয়েছে, জাহাজগুলোতে ইরান ড্রোন হামলা চালিয়েছে। এর জবাবে মার্কিন বাহিনী ইরানের রাডার সাইট , ড্রোন মজুত কেন্দ্র এবং অন্যান্য লক্ষ্যবস্তুতে হামলা করার ঘোষণা দিয়েছে , যার ফলে উভয় পক্ষই একে অপরকে যুদ্ধ বিরতি লঙ্ঘনের দায়ে অভিযুক্ত করেছে। (এনএইচকে ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ রুবাইয়া)

# ডয়চে ভেলে

## এনসিপির সমাবেশে বিস্ফোরণের ঘটনায় মামলা, গ্রেফতার যুবলীগের দুই নেতা-কর্মী

সাভারে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) জুলাই পদযাত্রার পর সমাবেশে বিস্ফোরণের ঘটনায় বিস্ফোরক দ্রব্য আইনে মামলা করা হয়েছে। মামলার এজাহারে বিস্ফোরণের পেছনে কোনো নিষিদ্ধ গোষ্ঠীর সংঘবদ্ধ সংশ্লিষ্টতা থাকতে পারে বলে উল্লেখ করা হয়। এ ঘটনায় ইতোমধ্যে কার্যক্রম নিষিদ্ধ যুবলীগের দুই নেতা-কর্মীকে সন্দেহভাজন হিসেবে আটকের পর গ্রেফতার দেখানো হয়েছে। এর আগে, গতকাল সোমবার দিবাগত রাতে এনসিপির ঢাকা জেলা উত্তরের সদস্যসচিব মো. সালামত উল্লাহ বাদী হয়ে অজ্ঞাতনামা ব্যক্তিদের বিরুদ্ধে মামলাটি করেন। এনসিপির ঢাকা জেলা উত্তরের আহ্বায়ক নাবিলা তাসনিদ ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, "গতকাল (সোমবার) রাতে অভিযোগ দিয়ে থানা থেকে বের হতে রাত প্রায় ১২টা বেজে গিয়েছিল। এরপর নিরপেক্ষ ও সঠিকভাবে তদন্ত করে সকালের মধ্যে দু-জনকে গ্রেফতার করে ফেলল! বিষয়টি আমার কাছে ক্লিয়ার না।" তিনি আরো বলেন, পুলিশ যদি নিরপেক্ষ তদন্ত ছাড়া শুধু দায় এড়ানোর জন্য কোনো পদক্ষেপ নেয়, তাহলে পুলিশকেই এটার দায় নিতে হবে।"
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ রনি)

## হরমুজ প্রণালিতে তেলের ট্যাঙ্কারে আগুন

একটি প্রজেক্টাইল এসে ট্যাঙ্কারে বিস্ফোরণ ঘটায় বলে জানা গেছে। এরপর ট্যাংকারটিতে আগুন লেগে যায়। ওমানের বন্দরের কাছে এই ঘটনা ঘটেছে বলে এখনো পর্যন্ত পাওয়া তথ্যে জানা গেছে। যুক্তরাজ্য এই তথ্য দিয়েছে। আমেরিকা দাবি করেছে, ইরানের রেভেলিউশনারি গার্ড দুইটি বেসামরিক জাহাজে আক্রমণ চালিয়েছে। তবে ইরানের তরফে এখনো এবিষয়ে কোনো মন্তব্য করা হয়নি। ইরান ও আমেরিকার মধ্যে সাময়িক যুদ্ধবিরতির চুক্তি হয়েছে। এই চুক্তিতে হরমুজ প্রণালি খুলে দেওয়ার বিষয়টিও ছিল। কিন্তু প্রায় প্রতিদিনই চুক্তি ভেঙে দুই দেশই আক্রমণ চালাচ্ছে। তার প্রভাব

পড়ছে হরমুজ প্রণালিতেও। আগুন লেগে যাওয়ায় তেলের ট্যাঙ্কারটি ওমানেই আটকে পড়েছে বলে যুক্তরাজ্য জানিয়েছে। এর আগেও হরমুজ প্রণালিতে বেসামরিক জাহাজের উপর আক্রমণ চালানো হয়েছিল।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ রনি)

## ভারতে কারাভোগ শেষে বাংলাদেশে ফিরলেন আরো ১০ জন

ভারতে কারাভোগ শেষে ১০ বাংলাদেশি নাগরিক দেশে ফিরেছেন। আজ মঙ্গলবার দুপুরে সিলেটের গোয়াইনঘাট উপজেলার তামাবিল স্থলবন্দর ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে তাদের হস্তান্তর করে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ। এর আগে, ভারতে অনুপ্রবেশের অভিযোগে বিভিন্ন মেয়াদে কারাভোগ শেষে গতকাল সোমবার বিশেষ ট্র্যাভেল পারমিটের মাধ্যমে দেশে ফিরেছিলেন ৫০ জন। আজ তামাবিল ইমিগ্রেশন পুলিশ ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে জানায়, ফিরে আসা ব্যক্তিরা চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার কালীগঞ্জ সীমান্ত এবং সিলেটের একটি সীমান্ত এলাকা দিয়ে বিভিন্ন সময়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিলেন। পরে বিএসএফ ও ভারতীয় পুলিশ তাদের আটক করে আদালতে সোপর্দ করে। আদালতের আদেশে তারা কারাভোগ করেছেন। সেখানে সাজাভোগের পর বাংলাদেশ সরকারের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে ভারতীয় ইমিগ্রেশন কর্তৃপক্ষ তাদের দেশে ফেরত পাঠায়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ রনি)

## লিবিয়াতেও মধ্যস্থতা করছে পাকিস্তান

ইরান যুদ্ধ থামাতে অন্যতম মধ্যস্থতাকারী হিসাবে কাজ করেছিল পাকিস্তান। এবার তারা লিবিয়ায় সংঘাত থামাতে মধ্যস্থতার কাজ শুরু করেছে। দুইটি পাকিস্তানি সূত্র বার্তাসংস্থা রয়টার্সকে জানিয়েছে, যদি এই কাজে তারা সফল হন, তাহলে পাকিস্তানের কূটনৈতিক ভাবমূর্তি আরো উজ্জ্বল হবে। লিবিয়া এখন পূর্ব ও পশ্চিম দুই ভাগে বিভক্ত। যুক্তরাষ্ট্র এখন কূটনৈতিক পথে এই সমস্যা সমাধান করার জন্য উঠেপড়ে লেগেছে। মুয়াম্মার গদ্দাফি সরকারের পতনের পর লিবিয়ায় গৃহযুদ্ধ হয়। তারপর দেশটি পূর্ব ও পশ্চিম এই দুইভাগে বিভক্ত হয়ে গেছে। পাকিস্তান এখন এখানে মধ্যস্থতা করে লিবিয়ার পূর্ব ও পশ্চিমের প্রশাসনকে মেলাতে চাইছে। পাকিস্তানি সূত্র জানিয়েছে, আমেরিকা এর সঙ্গে যুক্ত, তাদের জানিয়েই সব কাজ হচ্ছে। এই মধ্যস্থতায় সৌদি আরবের পূর্ণ সমর্থন আছে বলে দুই সূত্রই দাবি করেছে। সৌদি আরবের সঙ্গে ইসলামাবাদের প্রতিরক্ষা চুক্তি আছে এবং লিবিয়ায় সৌদি আরবের প্রভাব যথেষ্ট। দুই পাক সূত্রই জানিয়েছে, গত বছরের শেষের দিক থেকে পাকিস্তান এই মধ্যস্থতা করছে। তারা দুই পক্ষকে বোঝাবার কাজে কতটা সফল হয়েছে, তা জানা যায়নি। পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়, সেনার মিডিয়া বিভাগ এবং কাতার, তুরস্ক, সৌদি আরব ও যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কাছ থেকে প্রতিক্রিয়া চেয়েও পাওয়া যায়নি। রয়টার্সের কাছে শান্তি প্রস্তাবের যে খসড়া আছে, তাতে বলা হয়েছে, জাতীয় মতৈক্যের সরকার গঠিত হবে এবং একটি প্রেসিডেন্সিয়াল কাউন্সিল থাকবে। ৩৬ মাসের ক্ষমতা হস্তান্তরের সময় এই ব্যবস্থা কাজ করবে। জাতিসংঘ স্বীকৃত পশ্চিম লিবিয়ার জোটের নেতা আব্দুল হামিদ প্রধানমন্ত্রী হবেন এবং পূর্ব লিবিয়ার লিবিয়ান ন্যাশনাল আর্মির ডেপুটি কম্যান্ডার সাদ্দাম হাফতার প্রেসিডেন্সিয়াল কাউন্সিলের চেয়ারম্যান হবেন। গতমাসে পাকিস্তানের সেনাপ্রধান আসিম মুনির রওয়ালপিন্ডিতে হাফতারের সঙ্গে বৈঠক করেছেন। তারপর হাফতার ওয়াশিংটন গিয়ে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর সঙ্গে দেখা করেছিলেন। বিশ্লেষকরা মনে করেন, লিবিয়াতে মূল মধ্যস্থতাকারী হিসাবে কাজ করছে যুক্তরাষ্ট্র, আমিরাত, তুরস্ক ও মিশর। ইসলামাবাদ লিবিয়ার দুই পক্ষের সঙ্গে যোগাযোগ রাখছে। ভূ-রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা ইনফর্মমির ডিরেক্টর তারেক মেগেরিসি সাবধান করে দিয়ে বলেছেন, রাওয়ান্ডা ও ডিআর কঙ্গোতে শান্তিচুক্তি কয়েকমাসের মধ্যে ভেঙে পড়ে। এই বিষয়টি মাথায় রাখা দরকার। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ রনি)

# জাগো নিউজ

## নিজের লেখা 'সবার আগে বাংলাদেশ' শিক্ষার্থীদের উপহার দিলেন প্রধানমন্ত্রী

যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিতব্য 'রোবোসাব-২০২৬' আন্তর্জাতিক প্রতিযোগিতায় বাংলাদেশের প্রতিনিধিত্ব করতে যাওয়া ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (৭ জুলাই) বিকেলে জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর দপ্তরে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এ তথ্য জানিয়েছেন। এ সময় শিক্ষার্থীরা তাদের উদ্ভাবিত প্রকল্প প্রধানমন্ত্রীর সামনে উপস্থাপন করেন। প্রধানমন্ত্রী তাদের সঙ্গে আন্তরিকভাবে মতবিনিময় করেন এবং প্রকল্প সম্পর্কে বিস্তারিত ধারণা নেন। শি ক্ষার্থীদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন , বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবনভিত্তিক উদ্যোগই ভবিষ্যৎ বাংলাদেশের অগ্রযাত্রার অন্যতম চালিকাশক্তি। এ ধরনের সৃজনশীল উদ্যোগকে এগিয়ে নিতে সরকার প্রয়োজনীয় সহযোগিতা ও সুযোগ-সুবিধা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি শিক্ষার্থীদের গবে ষণা ও বিজ্ঞানভিত্তিক উদ্ভাবনী কাজে আরও মনোযোগী হওয়ার আহ্বান জানান এবং তাদের প্রকল্পের পাশে থাকার আশ্বাস দেন। একইসঙ্গে নিষ্ঠা , অধ্যবসায় ও আত্মবিশ্বাসের সঙ্গে কাজ চালিয়ে যাওয়ার পরামর্শ দিয়ে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন , তাদের সাফল্য বিশ্বদরবারে বাংলাদেশের ভাবমূর্তিকে আরও উজ্জ্বল করবে। আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করতে যাওয়ায় শিক্ষার্থীদের ধন্যবাদ ও অভিনন্দন জানান প্রধানমন্ত্রী। পরে তিনি তার লেখা 'সবার আগে বাংলাদেশ ' বইটি শিক্ষার্থীদের উপহার দেন।

মতবিনিময়কালে গৃহায়ণ ও গণপূর্তমন্ত্রী জাকারিয়া তাহে র, স্বাস্থ্য প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত এবং ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ জাবের হোসাইন উপস্থিত ছিলেন। আগামী ১১ থেকে ১৬ জুলাই যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় 'রোবোসাব-২০২৬' আন্তর্জাতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এতে বাং লাদেশের হয়ে ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের শিক্ষার্থীরা অংশ নেবেন। বিদেশযাত্রার আগে তাদের উদ্যোগ ও প্রকল্প সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করা এবং তার দিক -নির্দেশনা নিতে সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রী নিজেও এ প্রতিষ্ঠানের একজন প্রাক্তন শিক্ষার্থী। শিক্ষার্থীরা জানান, তারা 'প্রজেক্ট পোসাইডনস কোড'-এর প্রতিনিধিদল। এটি বাংলাদেশের প্রথম পানির নিচের রোবটবিষয়ক উদ্যোগ। ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের উদ্যোগে প্রকল্পটির সূচনা হয়। বর্তমানে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির কৃত্রিম বুদ্ধিমত্তা ও রোবটিকস কেন্দ্রের সহযোগিতায় এটি পরিচালিত হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ রুবাইয়া)

## সাভার সেনানিবাসে গ্রীষ্মকালীন ক্যাম্প পরিদর্শন প্রধানমন্ত্রীর

মানিকগঞ্জের সিংগাইরে সাভার সেনানিবাসের গ্রীষ্মকালীন মহড়ার জন্য স্থাপিত অস্থায়ী সেনাবাহিনীর প্রশিক্ষণ ক্যাম্প পরিদর্শন করেছেন প্র ধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (৭ জুলাই) সকাল ৯টা ৪০ মিনিটে তিনি গাড়িযোগে উপজেলার জামির্তা ইউনিয়নের সুতক্ষিরা এলাকার মাদরাসাতুল মনোয়ারা কমপ্লেক্সের পেছনে ধলেশ্বরী নদীর তীরবর্তী হায়দারের কাঠবাগানে স্থাপিত ৮ বীরের অস্থায়ী ক্যাম্প পরিদর্শন করেন। এসময় সে নাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, সাভার সেনানিবাসের জিওসি মেজর জেনারেল এস এম আসাদুল হক , ৮১ ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল ফেরদৌস মোহাম্মদ জিয়াউদ্দিন , ৭১ ব্রিগেড কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল আসাদুজ্জামান , মানিকগঞ্জের জেলা প্রশাসক নাজমুন আরা সুলতানা , পুলিশ সুপার মোহাম্মদ সাওয়ার আলমসহ সামরিক ও বেসামরিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন। পরিদর্শন শেষে বেলা ১১টার দিকে প্রধানমন্ত্রী সিংগাইর থেকে জাতীয় সংসদ ভবনের উদ্দেশ্যে রওয়ানা দেন। তবে সফরের বিষয়ে সরকারি কোনো আনুষ্ঠানিক বক্তব্য বা বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## সেনাবাহিনীকে পেশাদারিত্ব ও সর্বোচ্চ প্রস্তুতি বজায় রাখার নির্দেশনা

প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশ সেনাবাহিনীর গ্রীষ্মকালীন প্রশিক্ষণ -২০২৬ কার্যক্রম পরিদর্শন করেছেন। এসময় তিনি সেনাবাহিনীকে পেশাদারিত্ব ও সর্বোচ্চ প্র স্তুতি বজায় রাখার নির্দেশনা দেন। মঙ্গলবার (৭ জুলাই) ৯ পদাতিক ডিভিশন ও সাভার এরিয়ার দায়িত্বপূর্ণ এলাকা মানিকগঞ্জের সিংগাইরে অনুষ্ঠিত এ প্রশিক্ষণ পরিদর্শনকালে তিনি সেনাসদস্যদের পেশাদারিত্ব, শৃঙ্খলা এবং অপারেশনাল প্রস্তুতির প্রশংসা করেন। প্রধানমন্ত্রী প্রশি ক্ষণ এলাকায় পৌঁছালে তাকে স্বাগত জানান সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার -উজ-জামান এবং জিওসি, ৯ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার, সাভার এরিয়া মেজর জেনারেল এস এম আসাদুল হক। পরিদর্শনকালে প্রধানমন্ত্রী যুদ্ধক্ষেত্রে সেনাসদস্যদের অবস্থান, রণকৌশলের প্রয়োগ, সমরাস্ত্রের ব্যবহার এবং বিভিন্ন বাস্তবধর্মী প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ করেন। তিনি সেনাসদস্যদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং চলমান প্রশিক্ষণের মান ও অপারেশনাল প্রস্তুতিতে সন্তোষ প্রকাশ করেন। সেনাসদস্যদের উদ্দেশ্যে দেওয়া বক্তব্যে প্রধানমন্ত্রী বলেন , দেশের জনগণের বাংলাদেশ সেনাবাহিনীর প্রতি গভীর আস্থা রয়েছে। তিনি পেশাদার প্রশিক্ষণ , কঠোর শৃঙ্খলা এবং সর্বোচ্চ প্রস্তুতি বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি তিনি বাংলাদেশ সেনাবাহিনীর উত্তরোত্তর সাফল্য কামনা করেন। এসময় প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম, ঊর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তা এবং বিভিন্ন পর্যায়ের সেনাসদস্য উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## এক সন্তান জুলাইয়ে শহিদ আরেকজনের ক্যানসার, মায়ের পাশে প্রধানমন্ত্রী

জুলাই গণ-অভ্যুত্থানে বড়ো ছেলে শহিদ হওয়ার পর ছোটো ছেলের ক্যানসারে আক্রান্ত হওয়ার কঠিন বাস্তবতার মুখোমুখি হওয়া ফাতেমাতুজ জোহরার পাশে দাঁড়িয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (৭ জুলাই) তিনি ক্যানসারে আক্রান্ত ছেলে মাহমুদুল্লাহ বিন জিসানকে নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় প্রধানমন্ত্রী জিসানের চিকিৎসার খোঁজ-খবর নেওয়ার পাশাপাশি ফাতেমা তুজ জোহরাকে চাকরির আশ্বাস দেন। মঙ্গলবার দুপুরে জাতীয় সংসদ সচিবালয়ে প্রধানমন্ত্রীর দফতরে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এসময় তাদের সঙ্গে উপস্থিত ছিলেন 'আমরা বিএনপি পরিবার'-এর সদস্য সচিব কৃষি বিদ মোকছেদুল মোমিন মিথুন। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এসব তথ্য জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী জিসানের বর্তমান শারীরিক অবস্থার খোঁজ-খবর নিয়েছেন। একইসঙ্গে তার মা ফাতেমাতুজ জোহরাকে চাকরির আশ্বাস দিয়েছেন। ২০২৪ সালের ৫ আগস্ট রাতে গুলিবিদ্ধ হয়ে শহিদ হন ফাতেমাতুজ জোহরার বড়ো ছেলে আব্দুল্লাহ বিন জাহিদ। এর ঠিক দুই সপ্তাহ পর তিনি জানতে পারেন, তার ছোটো ছেলে মাহমুদুল্লাহ বিন জিসান ক্যানসারে আক্রান্ত। সাত মাস পর স্বামীকেও হারান তিনি। একের পর এক এসব ঘটনায় পরিবারটি চরম সংকটে পড়ে। সে সময় ক্যানসারে আক্রান্ত সন্তানের চিকিৎসার ব্যয় বহন করতে গিয়ে অসহায় হয়ে পড়া পরিবারটির পাশে দাঁড়ান বিএনপি চেয়ারম্যান এবং বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি সে সময় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান ছিলেন। শুরু থেকেই 'আমরা বিএনপি পরিবার'-এর আহ্বায়ক, বর্তমানে প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমানের তত্ত্বাবধানে জিসানের চিকিৎসা চলতে থাকে। আতিকুর

রহমানের মাধ্যমে নিয়মিত জিসানের চিকিৎসার খোঁজ -খবর নিতেন তারেক রহমান। বর্তমানে প্রধানমন্ত্রী হওয়ার পরও জিসানের চিকিৎসার যাবতীয় ব্যবস্থাপনার তত্ত্বাবধান অব্যাহত রেখেছেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## ভারতীয় ভিসা পেতে উপচে পড়া ভিড়, আবেদনে স্লট পদ্ধতিতে ভোগান্তি

প্রায় দুই বছর বন্ধ থাকার পর বাংলাদেশিদের ট্যুরিস্ট ভিসা দিচ্ছে ভারত। পাশাপাশি চিকিৎসা ভিসা দিতেও কড়াকড়ি শিথিল করা হয়েছে। গত ২৯ জুন থেকে পুরোদমে ভিসা আবেদন পুনরায় চালু হয়েছে। ঢাকাসহ দেশের পাঁচটি কেন্দ্রে আবেদন জমা নেওয়া হচ্ছে। কেন্দ্রগুলোতে গত এক সপ্তাহ ধরে ব্যাপক ভিড় দেখা যাচ্ছে। ভিসা আবেদন জমা দিতে আগ্রহীরা রোদে পুড়ে, বৃষ্টিতে ভিজে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করছেন। ভিসা প্রার্থীদের অভিযোগ, আবেদনের ক্ষেত্রে টাইম-স্লট পদ্ধতিতে তারা ভোগান্তিতে পড়েছেন। দালাল বা এজেন্সি ছাড়া সাধারণ প্রক্রিয়ায় তারা স্লট পাচ্ছেন না। যদিও এ অভিযোগ সত্য নয় দাবি করে আইভ্যাকের কর্মকর্তাদের দাবি, টাইম-স্লট পদ্ধতি চালু করায় ভোগান্তি কমেছে। ঢাকায় যমুনা ফিউচার পার্কের পাশে ভারতীয় ভি সা সেন্টারে আবেদন জমা নেওয়া হচ্ছে। মঙ্গলবার (৭ জুলাই) সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ কেন্দ্র ঘুরে ব্যাপক ভিড় দেখা গেছে। সরেজমিনে দেখা যায়, সকাল ৯টা থেকে আবেদন গ্রহণ শুরু হলেও, তার আগে থেকেই মানুষ লাইনে দাঁড়িয়ে অপেক্ষা করছেন। সকাল থেকে দুই দফা বৃষ্টিতে ভিজেছেন তারা। আবার কখনও কখনও কড়া রোদে পুড়েছেন। অনেকে অসুস্থ রোগী নিয়ে বাইরে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## পে-স্কেলের হিসাব মেলাতে হিমশিম খাচ্ছে সচিব কমিটি

সরকারি চাকরিজীবীদের জন্য ঘোষিত নবম পে -স্কেল বাস্তবায়নের পথ যত এগোচ্ছে, ততই জটিল হয়ে উঠছে এর আর্থিক ও প্রশাসনিক হিসাব। বেতন কমিশনের সুপারিশ, সরকারের সীমিত আর্থিক সক্ষমতা, বার্ষিক ইনক্রিমেন্টের প্রভাব এবং ভাতা কাঠামো- সবকিছু সমন্বয় করতে গিয়ে হিমশিম খাচ্ছে বাস্তবায়নের দায়িত্বে থাকা সচিব কমিটি। ফলে নতুন পে -স্কেল কীভাবে কার্যকর হবে, তা নিয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছাতে পারেনি সরকার। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের গঠিত বেতন কমিশনের সুপারিশ বর্তমান সরকার হুবহু বাস্তবায়ন করতে পারছে না। আর্থিক সীমাবদ্ধতার কারণে মূল বেতন, ভাতা এবং অন্যান্য আর্থিক সুবিধায় কাটছাঁটের বিষয়টি বিবেচনায় নেওয়া হচ্ছে। একইসঙ্গে পে -স্কেল এক ধাপে, নাকি দুই বা তিন ধাপে কার্যকর করা হবে, সেটিও এখনো চূড়ান্ত হয়নি। সোমবার (৬ জুলাই) সচিবালয়ে সচিব কমিটির বৈঠকে বিষয়টি নিয়ে দীর্ঘ আলোচনা হলেও কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয় নি। কমিটির সদস্যদের মতে, সুপারিশ চূড়ান্ত করতে আরও অন্তত দুটি বৈঠকের প্রয়োজন হতে পারে। এরপর অর্থমন্ত্রীর কাছে সুপারিশ পাঠানো হবে। সরকারের অনুমোদনের পরই নতুন পে -স্কেলের গেজেট প্রকাশ করা হবে। বৈঠকের সঙ্গে সংশ্লিষ্ট একাধিক কর্মকর্তা জানান, শুরুতে নতুন পে -স্কেল তিন ধাপে বাস্তবায়নের পরিকল্পনা ছিল। সে অনুযায়ী ২০২৬ সালের ১ জুলাই কমিশনের সুপারিশ করা মূল বেতনের ৫০ শতাংশ, ২০২৭ সালের ১ জুলাই অবশিষ্ট ৫০ শতাংশ এবং ২০২৮-২৯ অর্থবছর থেকে নতুন ভাতা কার্যকরের চিন্তা করা হয়েছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## বন্ধ রাষ্ট্রায়ত্ত কারখানায় ৫৪ হাজার কোটি টাকার বিনিয়োগ পরিকল্পনা

দীর্ঘদিন ধরে লোকসান, উৎপাদনহীনতা ও অব্যবস্থাপনার কারণে বন্ধ বা অচল হয়ে থাকা রাষ্ট্রায়ত্ত শিল্পপ্রতিষ্ঠানগুলোকে নতুন করে অর্থনীতির মূলধারায় ফিরিয়ে আনতে বড়ো উদ্যোগ নিয়েছে সরকার। অব্যবহৃত শিল্পভূমি ও বিদ্য মান অবকাঠামোকে কাজে লাগিয়ে দেশি -বিদেশি বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পাঁচটি প্রতিষ্ঠানে ৪৪টি বিনিয়োগযোগ্য প্রকল্প চিহ্নিত করা হয়েছে। এ উদ্যোগে ১০ হাজার একরের বেশি শিল্পভূমি এবং প্রায় ৫৪ হাজার ৬৮৫ কোটি টাকার সম্ভাব্য বিনিয়োগ পাইপলাইন তৈরি হয়েছে, যা দেশের শিল্পায়নে নতুন সম্ভাবনার দ্বার খুলে দিতে পারে। সম্প্রতি বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) পাঁচটি প্রতিষ্ঠান বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি), বাংলাদেশ রাসায়নিক শিল্প করপোরেশন (বিসিআইসি), বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি), বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি) ও বাংলাদেশ জুট মিলস করপোরেশনের (বিজেএমসি) জন্য দেশীয় ও আন্তর্জাতিক বিনিয়োগ আহ্বান করেছে। বিডার ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে স্টেট ওউন ইনভেস্টমেন্ট পোর্টফোলিও; যেখানে প্রতিষ্ঠানগুলোর সার্বিক অবস্থা প্রকাশ ও প্রতিষ্ঠানগুলোতে বিনিয়োগ সম্ভাবনা তুলে ধরা হয়েছে। বিডার নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী এই উদ্যোগকে দেশের শিল্পায়নের নতুন অধ্যায় হিসেবে দেখছেন। সম্প্রতি নিজের লিংকডইন পোস্টে তিনি বলেছেন, বাণিজ্যিক প্রতিষ্ঠান পরিচালনার জন্য বেসরকারি খাতই সবচে য়ে উপযুক্ত। সরকারের কাজ ব্যবসা পরিচালনা নয়, বরং বিনিয়োগের অনুকূল পরিবেশ তৈরি করা। এজন্য রাষ্ট্রায়ত্ত শিল্পপ্রতিষ্ঠানগুলোকে পুনরুজ্জীবিত করতে দেশি -বিদেশি বিনিয়োগকারীদের এগিয়ে আসতে হবে। বিডার ওয়েবসাইটে থাকা পোর্টফোলিও অনুযায়ী, বিনিয়োগের জন্য চিহ্নিত স্থাপনাগুলোর বড়ো অংশই দেশের গুরুত্বপূর্ণ শিল্পাঞ্চলে অবস্থিত। এগুলো কেবল খালি জমি নয় বরং বিদ্যুৎ, গ্যাস, পানি, সড়ক, রেল ও নৌ যোগাযোগসহ পূর্ণাঙ্গ শিল্প অবকাঠামোসমৃদ্ধ ব্রাউনফিল্ড সম্পদ। ফলে নতুন করে জমি অধিগ্রহণ, ইউটিলিটি সংযোগ বা অবকাঠামো নির্মাণে সময় ও অর্থ ব্যয়ে র প্রয়োজন হবে না। বিনিয়োগকারীরা প্রস্তুত

অবকাঠামো বা 'প্লাগ অ্যান্ড প্লে' সুবিধা ব্যবহার করে দ্রুত উৎপাদনে যেতে পারবেন। পোর্টফোলিও বিশ্লেষণে দেখা যায়, বিনিয়োগের সুযোগ সীমাবদ্ধ থাকছে না কেবল ঐতিহ্যগত শিল্পে। কেমিক্যাল, সার, ইস্পাত, বস্ত্র, চিনি, পাট ও খাদ্যশিল্পের পাশাপাশি বৈদ্যুতিক যান (ইভি), লিথিয়াম ব্যাটারি, সেমিকন্ডাক্টর, মাইক্রোচিপ, এপিআই, সোলার গ্লাস, সোলার প্যানেল, কৃষি প্রক্রিয়াজাতকরণ, কোল্ড স্টোরেজ, লজিস্টিক হাব, আধুনিক কাগজ শিল্প এবং পরিবেশবান্ধব ভারী শিল্পেও বিনিয়োগের সুযোগ রাখা হয়েছে। বাংলাদেশ রা সায়নিক শিল্প করপোরে শনের (বিসিআইসি) অধীনেই সবচেয়ে বড়ো শিল্প বিনিয়োগের সুযোগ তৈরি হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## এনসিপির সমাবেশে বোমা হামলা নিয়ে নাহিদ ইসলামের বক্তব্য রাজনৈতিক

সাভারে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সমাবেশে বোমা হামলা নিয়ে দলটি র আহ্বায়ক নাহিদ ইসলাম যে বক্তব্য দিয়েছেন, তা রাজনৈতিক বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান। মঙ্গলবার (৭ জুলাই) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। প্রশাসনের সহযোগিতায় এনসিপির সমাবেশে বোমা হামলা হয়েছে বলে দাবি করেছেন নাহিদ ইসলাম। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে উপদেষ্টা বলেন, "গতকালের ঘটনাটা খুবই দুঃখজনক। আমরা এটার প্রতিবাদ জানাই। সরকারের প্রধান কাজ হচ্ছে, যারা এটার সঙ্গে জড়ি ত সেই তদন্ত করা, তাদের ধরা। নাহিদ ইসলামের বক্তব্য সম্পর্কে আমি এটুকু বলবো যে, রাজনৈতিক বক্তব্য বলে এক ধরনের কথা প্রচলিত আছে, সেই রাজনৈতিক বক্তব্য তিনি দিয়েছেন। সেটা তার অধিকারও আছে, তিনি সেটা বলতে পারেন। তবে আমরা একটা রাজনৈতিক দলের প্রধানের মুখ থেকে, যিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন আমাদের গণ -অভ্যুত্থানে, আরেকটু দায়িত্বশীল মন্তব্য...(আশা করি)।" এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে গ্রেফতার করা হয়নি। এ প্রসঙ্গে জানতে চাইলে জাহেদ উর রহমান বলেন, "সরকার তদন্ত করবে। ঘটনার তো এখনো ২৪ ঘণ্টাও যায়নি। সবসময় যে খুব দ্রুত কাজটা করে ফেলা যাবে, তা না। সরকার অবশ্যই গ্রেফতার করার জন্য সর্বোচ্চ চেষ্টা করছে এবং দ্রুতই আমরা আশা করি করবে। একটা প্রক্রিয়া আছে, তদন্ত আছে, নানা রকমভাবে সেই চেষ্টা হবে। সরকার করছে না কিনা, সেটা দেখার ব্যাপার আছে।" (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে ভারী বৃষ্টিতে চরম দুর্ভোগে শিক্ষার্থীরা

টানা দুইদিনের ভারী বর্ষণে চট্টগ্রাম নগরীর স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। জলাবদ্ধতায় তলিয়ে গেছে নগরের বিভিন্ন সড়ক। এর মধ্যেই পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী সরকারি ও বেসরকারি বিদ্যালয়গুলোতে অর্ধবার্ষিক পরীক্ষা হওয়ায় দুর্ভোগে পড়েছে হাজারও শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা। আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, মঙ্গলবার সকাল ৯টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় পতেঙ্গায় ৩৩০ দশমিক ৮ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। সংস্থাটি বলছে, গত ৩৩ বছরের মধ্যে চট্টগ্রামে একদিনে এটি সর্বোচ্চ বৃষ্টিপাত। মৌসুমি বায়ু সক্রিয় থাকায় আগামী কয়েক দিন ভারী থেকে অতি ভারী বর্ষণ অব্যাহত থাকতে পারে বলেও পূর্বাভাস দিয়েছে তারা। সোমবার রাত থেকে বহদ্দারহাট, মুরাদপুর, চকবাজার, শোলকবহর, আগ্রাবাদ, হালিশহর, পতেঙ্গা, বাকলিয়া, কাতালগঞ্জ ও পাঁচলাইশসহ নগরের বিভিন্ন এলাকায় হাঁটু থেকে কোথাও কোথাও কোমর সমান পানি জমে। জলাবদ্ধতার কারণে যানবাহন চলাচল ধীর হয়ে পড়ে, সৃষ্টি হয় দীর্ঘ যানজট। অনেক এলাকায় রিকশা ও সিএনজিচালিত অটোরিকশার সংকট দেখা দেয়। ফলে পরীক্ষার্থী ও অভিভাবকদের অনেকেই অতিরিক্ত ভাড়া দিয়ে কিংবা হেঁটেই পরীক্ষা কেন্দ্রে যেতে বাধ্য হন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## চলতি মাসের মধ্যে বেতন কাঠামো প্রস্তাব উঠছে মন্ত্রিসভার বৈঠকে

সরকারি চাকরিজীবীদের নতুন বেতন কাঠামো বাস্তবায়নের লক্ষ্যে গঠিত পর্যালোচনা কমিটির চূড়ান্ত প্রস্তাব চলতি মাসের মধ্যেই মন্ত্রিসভার বৈঠকে উপ স্থাপন করা হতে পারে। কমিটির সুপারিশে নিম্ন গ্রেডের কর্মচারীদের জন্য তুলনামূলক বেশি বেতন বৃদ্ধির প্রস্তাব থাকছে। পাশাপাশি মূল বেতনের সঙ্গে বিভিন্ন ভাতা ও পেনশন কাঠামোতেও পরিবর্তনের সুপারিশ করা হচ্ছে। সোমবার (৬ জুলাই) সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণির সভাপতিত্বে 'জাতীয় বেতন কমিশন-২০২৫'-এর সুপারিশ প্রণয়ন কমিটির বৈঠকে এসব বিষয়ে আলোচনা হয়। বৈঠক সূত্রে জানা গেছে, আগামী সপ্তাহে আরেকটি বৈঠকের পর সচিব কমিটির সুপারিশ মন্ত্রিসভায় পাঠানো হবে। অনুমোদন মিললে আইন মন্ত্রণালয়ের ভেটিং শেষে গেজেট জারি করে নতুন বেতন কাঠা মো কার্যকর করা হবে। সংশ্লিষ্ট সূত্র জানায়, চলতি অর্থবছরের ১ জুলাই থেকে মূল বেতন এবং আগামী অর্থবছরের ১ জুলাই থেকে বিভিন্ন ভাতা কার্যকরের পক্ষে মত দিয়েছে কমিটির সদস্যরা। তবে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে মন্ত্রিসভা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে ৩৩০ মিলিমিটার বৃষ্টি, নিম্নাঞ্চলে জলাবদ্ধতা

টানা ভারী বর্ষণে চট্টগ্রাম নগরীর বিভিন্ন নিম্নাঞ্চলে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। কোথাও কোথাও হাঁটু থেকে কোমর সমান পানি জমেছে। এতে জনদুর্ভোগ চরমে পৌঁছেছে। একইসঙ্গে অব্যাহত বৃষ্টিতে পাহাড়ধসের আশঙ্কায় নগরীর ঝুঁ কিপূর্ণ পাহাড়ি এলাকায় সতর্কতা জারি করেছে জেলা প্রশাসন। পতেঙ্গা আবহাওয়া অফিসের সহকারী আবহাওয়াবিদ বিশ্বজিৎ

চৌধুরী বলেন, সোমবার সকাল ৯টা থেকে মঙ্গলবার সকাল ৯টা পর্যন্ত ২৪ ঘণ্টায় চট্টগ্রামে ৩৩০ দশমিক ৮ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। এর মধ্যে মঙ্গলবার স কাল ৬টা থেকে ৯টা পর্যন্ত তিন ঘণ্টায় ৬০ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে। তিনি বলেন, আগামী শুক্রবার পর্যন্ত বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে। এতে নগরীর নিম্নাঞ্চলে জলাবদ্ধতা এবং ভূমিধসের ঝুঁকি রয়েছে। মঙ্গলবার সকালে সরেজমিনে দেখা যায় , চকবাজার, উত্তর আগ্রাবাদ, কমার্স কলেজ রোড, হালিশহর, ইপিজেড, বন্দর, পাঠানটুলি, চান্দগাঁও ও পতেঙ্গাসহ নগরীর বিভিন্ন এলাকায় সড়কে পানি জমেছে। অনেক স্থানে বাসাবাড়ি ও দোকানপাটেও পানি ঢুকে পড়ে। অফিসগামী মানুষ , শিক্ষার্থী ও সাধারণ পথচারীদের পানি মাড়িয়ে গন্তব্যে যেতে দেখা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## ভারতে পলাতক আওয়ামী লীগ নেতাদের বক্তব্য নিয়ে দিল্লির সঙ্গে কথা বলবে সরকার

ভারতে অবস্থান করা কার্যক্রম নিষিদ্ধ পলাতক আওয়ামী লীগ নেতাদের উসকানিমূলক বক্তব্যের বিষয়টি দিল্লির সঙ্গে রাষ্ট্রীয় পর্যায়ে সরকার আলোচনা করবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা জাহেদ উর রহমান। তিনি বলেন, এসব নেতার অনেকেই বিভিন্ন মামলার আসামি এবং তাদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা রয়েছে। তাই শুধু উসকানিমূলক বক্তব্য নয় , তাদের বাংলাদেশে হস্তান্তরের বিষয়টিও রাষ্ট্রীয়ভাবে নিয়মিতভাবে উত্থাপন করা হচ্ছে। মঙ্গলবার (৭ জুলাই) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে সংবাদ সম্মেলনে উপদেষ্টা এ কথা বলেন। গত কয়েকদিন ধরে দেখা যাচ্ছে , সামাজিক যোগাযোগ মাধ্যমে যারা ভারতে পলাতক বিশেষ করে আওয়ামী লীগ নেতা জাহাঙ্গীর কবির নানক এবং মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া উসকানিমূলক বক্তব্য দিচ্ছেন। এ বিষয়ে ভারতের সঙ্গে সরকার কথা বলবে কি না- জানতে চাইলে উপদেষ্টা বলেন, এই কথার সঙ্গে আমি একমত যে, ভারতে বসে তারা যে কাজটা করছেন, রাষ্ট্রীয় জায়গা থেকে এটা নিয়ে আগেও আমাদের সরকার থেকে কথা বলা হয়েছে , এটা বলা হবে। কারণ তাদের অনেকেই মামলার আসামি আছেন , তাদের অনেকের নামেই ওয়ারেন্ট আছে , কারও কারও নামে সাজা হয়ে গেছে। কথা বলা দূরে থাকুক , তাদের তো আমাদের কাছে হস্তান্তর করারই কথা আছে। আমরা সেই জায়গা থেকে রাষ্ট্রীয়ভাবে এই কথা নিয়মিতভাবে বলা হচ্ছে , আমরা সেটা চালিয়ে যাব। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## ডিএমপির অভিযানে ২৪ ঘণ্টায় গ্রেফতার ৪০৬

রাজধানীতে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) নিয়মিত অভিযানে গত ২৪ ঘণ্টায় ৪০৬ জন গ্রেফতার হয়েছেন। একই সময়ে ৫০টি মামলা দায়ের করা হয়েছে। মঙ্গলবার (৭ জুলাই) ডিএমপির অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তিনি বলেন , গ্রেফতারদের মধ্যে রমনা বিভাগ ৩৫ জন, লালবাগ বিভাগ ৩৬ জন, ওয়ারী বিভাগ ৩১ জন, মতিঝিল বিভাগ ৪৫ জন, তেজগাঁও বিভাগ ৫৯ জন, মিরপুর বিভাগ ১২০ জন, গুলশান বিভাগ ৩২ জন, উত্তরা বিভাগ ৪৩ জন ও গোয়েন্দা বিভাগ কর্তৃক ৫ জনকে গ্রেফতার করা হয়। এসময় তাদের কাছ থেকে ১ কেজি ২১৫ গ্রাম গাঁজা, ২ হাজার ২৯০ ইয়াবা, দরজা এবং জানালায় ব্য বহার্য অ্যালুমিনিয়াম ফ্রেমের ছোটো -বড়ো বিভিন্ন সাইজের টুকরা ১৫টি, ১টি চাকু, ১টি এন্টিকাটার, ৫টি মোবাইল, ১টি মোটর সাইকেল ও নগদ ৮৩৫০ উদ্ধার করা হয়। গ্রেফতারদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানান ডিএমপির এই কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## তরুণদের স্বাস্থ্য উদ্যোক্তা হওয়ার আহ্বান ডা জুবাইদা রহমানের

দেশের স্বাস্থ্যখাতে বিদ্যমান ও ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবিলায় তরুণদের নিজেদের স্বাস্থ্য উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের স্ত্রী ও জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস প্রেসিডেন্ট ডা . জুবাইদা রহমান। তিনি বলেন, প্রশিক্ষণ, মেন্টরশিপ ও প্রয়োজনীয় সুযোগ-সুবিধা দিয়ে তরুণদের উদ্ভাবনী ধারণাকে বাস্তবে রূপ দিতে হবে, যেন তারা দেশের স্বাস্থ্যখাতের সমস্যা সমাধানে কার্যকর ভূমিকা রাখতে পারে। মঙ্গলবার (৭ জুলাই) রাজধানীর একটি পাঁচতারকা হোটেলে আয়োজিত স্বাস্থ্য -সংক্রান্ত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জুবাইদা রহমান বলেন , স্বাস্থ্য উদ্যোক্তা হওয়া মানে কেবল একটি কোম্পানি শুরু করা বা স্বাস্থ্যসেবাকে বাণিজ্যিকীকরণ করা নয়। এটি হলো বাস্তব স্বাস্থ্য সমস্যা সমাধানের জন্য সৃজনশীলতা , প্রমাণ এবং শৃঙ্খলার কাজে ব্যবহার করা। একইসঙ্গে বিভিন্ন ঘাটতি চিহ্নিত করে বাস্তবসম্মত সমাধান তৈরি করা। বাংলাদেশের ডেমোগ্রাফিক ডিভিডেন্ডের (জনসংখ্যাগত লভ্যাংশ) কথা উল্লেখ করে তিনি বলেন , ‘এক্ষেত্রে বাংলাদেশের একটি বিশেষ সুযোগ রয়েছে। কারণ তরুণদের একটি বিশাল প্রজন্ম রয়েছে - যাদের শক্তি, ডিজিটাল সাবলীলতা, কল্পনাশক্তি ও সামাজিক উদ্দেশ্যের বোধ আমাদের অন্যতম জাতীয় সম্পদ।” (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## তিস্তা মহাপরিকল্পনায় কী কী কাজ হবে জানালেন পানিসম্পদমন্ত্রী

তিস্তা মহাপরিকল্পনার আওতায় ১১০ কিলোমিটার নদীশাসন, ১১০ কিলোমিটার ড্রেজিং, ২২৪ কিলোমিটার বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ, ৬৭টি গ্রোয়েন ও স্পার নির্মাণ -মেরামত এবং ১৭০ বর্গকিলোমিটার ভূমি পুনরুদ্ধারের প্রস্তাব করা হয়েছে বলে জাতীয় সংসদে জানিয়েছেন পানিসম্পদমন্ত্রী মো . শহীদউদ্দীন চৌধুরী এ্যানি। মঙ্গলবার (৭ জুলাই) জাতীয় সংসদের অধিবেশনে রংপুর-১ আসনের সংসদ সদস্য মো . রায়হান সিরাজীর এক প্রশ্নের লিখিত উত্তরে তিনি এ তথ্য

জানান। এ সময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম অধিবেশনে সভাপতিত্ব করেন। পানিসম্পদমন্ত্রী বলেন, তিস্তা নদী উত্তরাঞ্চলের মানুষের জীবন -জীবিকার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে নদীর উজানে বাঁধ নির্মাণসহ বিভিন্ন সীমাবদ্ধতার কারণে শুষ্ক মৌসুমে পানিপ্রবাহ কমে যায়। ফলে তিস্তা সেচ প্রকল্পসহ কৃষি কার্যক্রম ব্যাহত হয়। অন্যদিকে বর্ষা মৌসুমে উজানে অতিবৃষ্টির কারণে আকস্মিক বন্যা ও নদীভাঙনের ঘটনা ঘটে। তিনি জানান, তিস্তা অববাহিকার পাঁচটি জেলা- রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা ও লালমনিরহাটে নদীভাঙন রোধে ২০২৪-২৫ এবং ২০২৫-২৬ অর্থবছরে ২২২ কোটি ২৩ লাখ টাকা ব্যয়ে ৪২ দশমিক ১৭ কিলোমিটার নদী তীর সংরক্ষণকাজ এরই মধ্যে সম্পন্ন হয়েছে। মন্ত্রী বলেন, তিস্তা নদীকেন্দ্রিক টেকসই ও সমন্বিত উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে একটি সমীক্ষা শেষ হয়েছে। সমীক্ষা প্রতিবেদনে তিস্তা মহাপরিকল্পনার আওতায় ১১০ কিলোমিটার নদীতীর সংরক্ষণ (নদীশাসন), ১১০ কিলোমিটার নদী ড্রেজিং, ২২৪ কিলোমিটার বন্যা নিয়ন্ত্রণ বাঁধ ও বাঁধের ওপর সড়ক নির্মাণ, ৬৭টি গ্রোয়েন ও স্পার নির্মাণ, মেরামত এবং ১৭০ বর্গকিলোমিটার ভূমি পুনরুদ্ধার ও উন্নয়নের প্রস্তাব করা হয়েছে। তিনি আরও জানান, সমীক্ষার কারিগরি ও আর্থিক বিষয়গুলো বর্তমানে বিভিন্ন পর্যায়ে পরীক্ষা -নিরীক্ষা চলছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে শুষ্ক মৌসুমে পানি সংরক্ষণ ও সেচসুবিধা বাড়বে, কৃষি উৎপাদন ও ফসলের বহুমুখীকরণ সম্ভব হবে। পাশাপাশি নদীতীরবর্তী এলাকায় রাস্তা, সেতু ও বাঁধ নির্মাণের মাধ্যমে অবকাঠামো উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য হ্রাস, নৌযোগাযোগের উন্নয়ন এবং আঞ্চলিক বাণিজ্যের সম্ভাবনা বাড়বে বলে সমীক্ষা প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## তলিয়ে গেছে রেললাইন, চট্টগ্রামে আটকা কক্সবাজারগামী পর্যটক এক্সপ্রেস

প্রবল বর্ষণে সৃষ্ট জলা বদ্ধতায় রেললাইন ডুবে যাওয়ায় চট্টগ্রামের ষোলশহরে আটকে পড়েছে কক্সবাজারগামী ট্রেন পর্যটক এক্সপ্রেস। মঙ্গলবার (৭ জুলাই) দুপুর পৌনে ১টা থেকে ট্রেনটি ষোলশহর স্টেশন সংলগ্ন মুরাদপুর এলাকায় আটকা পড়ে। ট্রেনটিতে প্রায় এক হাজার যাত্রী রয়েছেন। রেললাইন থেকে পানি নেমে না যাওয়া পর্যন্ত ট্রেনটি গন্তব্যে ছেড়ে যেতে পারছে না বলে জানিয়েছে রেলওয়ে। সূচি অনুযায়ী, পর্যটক এক্সপ্রেস ট্রেনটি দুপুর ২টা ৪০ মিনিটের দিকে কক্সবাজারে পৌঁছানোর কথা ছিল। চট্টগ্রাম বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক মোস্তাফিজুর রহমান ভুঁইয়া বিকেল পৌনে ৪টায় জাগো নিউজকে বলেন, পর্যটক এক্সপ্রেস ষোলশহর স্টেশন থেকে ছাড়ার পর আটকা পড়ে। এখনো রেললাইন পানিতে ডুবে আছে। যাত্রীদের সুবিধার্থে ট্রেনটি একটু পিছিয়ে ষোলশহর স্টেশনে রাখা হয়েছে। রেলওয়ে সূত্রে জানা গেছে, আজ মঙ্গলবার সকাল সোয়া ৬টায় ঢাকার কমলাপুর রেলওয়ে স্টেশন থেকে কক্সবাজারের উদ্দেশ্যে যাত্রা করে পর্যটক এক্সপ্রেস। দুপুর ১২টা ৩৫ মিনিটে চট্টগ্রামের ষোলশহর স্টেশন অতিক্রম করে। এরপর কিছু দূর গিয়ে ট্রেনটি আটকে যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## বর্তমান সংসদকে দেশের ইতিহাসে সেরা সংসদ হিসেবে দেখতে চাই: চিফ হুইপ

জাতীয় সংসদের চি ফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, বর্তমান সংসদকে আমরা বাংলাদেশের ইতিহাসের সেরা সংসদ হিসেবে দেখতে চাই। ত্রয়োদশ জাতীয় সংসদের নির্বাচিত সদস্যদের প্রতি আমার প্রত্যাশা থাকবে, আপনারা এই সংসদকে আরও কার্যকর এবং গণতন্ত্রের কেন্দ্রবিন্দু হিসেবে গড়ে তুলবেন। মঙ্গলবার (৭ জুলাই) জাতীয় সংসদ ভবনে বাজেট অ্যানালাইসিস অ্যান্ড মনিটরিং ইউনিট (বামু) আয়োজিত 'বাজেট হেল্পডেস্ক ২০২৬'-এর সপ্তম ব্রিফিং সেশনে আলোচনাকালে তিনি এসব কথা বলেন। অষ্টম ব্রিফিং সেশনে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম 'স্থানীয় সরকার বিভাগের প্রতিষ্ঠানসমূহ : সকল স্তরে বাজেট বরাদ্দ' বিষয়ে আলোচনা করেন। ব্রিফিংয়ে ত্রয়োদশ জাতীয় সংসদের নির্বাচিত সংসদ সদস্যরা অংশগ্রহণ করেন। ব্রিফিংয়ে চিফ হুইপ সংসদের স্থায়ী কমিটিসমূহ - সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি, অনুমিত হিসাব সম্পর্কিত কমিটি এবং সরকারি প্রতিষ্ঠান সম্পর্কিত কমিটির সংবিধান ও কার্যপ্রণালি -বিধি অনুযায়ী ভূমিকা ও কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, সংসদীয় স্থায়ী কমিটিগুলোর কার্যকর ভূমিকা সংসদীয় জবাবদিহি নিশ্চিত করা, আর্থিক শৃঙ্খলা প্রতিষ্ঠা এবং সুশাসন শক্তিশালী করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। নূরুল ইসলাম আরও বলেন, কার্যকর সংসদ গড়ে তুলতে সংসদ সদস্যদের সক্রিয় অংশগ্রহণ, দায়িত্বশীলতা এবং কমিটিসমূহের কার্যক্রমে সম্পৃক্ততা অপরিহার্য। ব্রিফিংয়ে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তারা এবং সংশ্লিষ্ট অংশীজনরা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## শিশু মাহফুজ হত্যার ১৫ বছর পর তিনজনের মৃত্যুদণ্ড, দু-জনের যাবজ্জীবন

গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলার আট বছর বয়সি শিশু মাহফুজকে অপহরণ ও হত্যা মামলায় তিন আসামিকে মৃত্যুদণ্ড এবং দু -জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল -৪। মঙ্গলবার (৭ জুলাই) দুপুরে ট্রাইব্যুনালের বিচারক ফারজানা ইয়াসমিন এ রায় ঘোষণা করেন। মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন - জামাল শেখ, শামীম শেখ ও রঞ্জু শেখ। যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্তরা হলেন- মাহমুদা খানম উষা ও বিল্লাল শেখ। আদালত তাদের প্রত্যেককে ৫০ হাজার টাকা করে অর্থদণ্ডও করেছেন। বিষয়টি নিশ্চিত করেছেন রাষ্ট্রপক্ষের আইনজীবী গিয়াস উদ্দিন। মামলার নথি অনুযায়ী, ২০১২ সালের ৫ জুলাই সন্ধ্যায় গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলার বরাশুর গ্রামের বাড়ি থেকে ভাটিয়াপাড়া রেলওয়ে জামে মসজিদে যাওয়ার পথে মাহফুজকে অপহরণ করা হয়। এরপর অপহরণকারীরা তার

পরিবারের কাছে মুক্তিপণ দাবি করে। দাবি অনুযায়ী , অর্থ না পাওয়ায় শিশুটিকে প্রায় দেড় মাস আটকে রাখা হয়। তদন্তে উঠে আসে, ২০১২ সালের ২০ আগস্ট রাতে পূর্বপরিকল্পিতভাবে মাহমুদা খানম উষার বাড়িতে শিশুটিকে গলায় ফাঁস দিয়ে শ্বাসরোধে হত্যা ক রা হয়। পরে তার মরদেহ পরিবারের বাড়ির পাশের একটি মেহগনি বাগানে ফেলে রাখা হয়। অভিযোগপত্রে বলা হয় , মাহফুজের বাবা ইতালি প্রবাসী ছিলেন এবং আসামিদের সঙ্গে তাদের পরিবারের পূর্বশত্রুতা ছিল। সেই বিরোধের জের ধরেই অপহরণ ও হত্যার ঘটনা ঘটে। ঘটনার পর ২০১২ সালের ৬ জুলাই মাহফুজের মা স্বপ্না বেগম কাশিয়ানী থানায় মামলা করেন। একই বছরের ২০ নভেম্বর মামলার তদন্ত কর্মকর্তা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) নিজাম শিকদার আদালতে অভিযোগপত্র দাখিল করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## দুর্যোগ মোকাবিলায় সামগ্রিক প্রস্তুতি রয়েছে: ত্রাণমন্ত্রী

প্রবল বৃষ্টির কারণে দেশের বিভিন্ন জেলায় বন্যা পরিস্থিতির সৃষ্টি এবং পাহাড় ধসের ঘটনার পরিপ্রেক্ষিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু বলেছেন , আমাদের সামগ্রিক প্রস্তুতি রয়েছে, বড়ো ধরনের কোনো আশঙ্কা আপাতত নেই। মঙ্গলবার (৭ জুলাই) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। সারা দেশে বন্যা শুরু হয়েছে। পাহাড়ি অঞ্চলে ভূমিধস হয়েছে। সব মিলিয়ে এই আগাম বন্যা নিয়ে প্রস্তুতি কি ? জানতে চাইলে মন্ত্রী বলেন, এরই মধ্যে যে-সব জায়গায় বন্যা এসেছে, বিশেষ করে কক্সবাজারে আপনারা জানেন যে, ভূমিধসে গতকাল ৯ জনের মৃত্যু হয়েছে। তাৎক্ষণিকভাবে জেলা প্রশাসককে নির্দেশ দেওয়া হয়েছিল , তারা সেখানে সহযোগিতার হাত বাড়িয়েছে। আজকে আমি ব্যক্তিগতভাবে রা ঙামাটি, কক্সবাজার, খাগড়াছড়ির জেলা প্রশাসকের সঙ্গে কথা বলেছি। তিনি বলেন , এরই মধ্যে আমাদের মন্ত্রণালয় থেকে চট্টগ্রামের কক্সবাজার এবং পার্বত্য তিন জেলা বান্দরবান, খাগড়াছড়ি ও রা ঙামাটি জেলায় ২০০ মেট্রিক টন করে চাল , ১০ লাখ করে টাকা বরাদ্দ দিয়েছি তাৎক্ষণিকভাবে এই ধরনের দুর্যোগে আক্রান্ত ব্যক্তিদের সহযোগিতা করার জন্য। তিনি আরও বলেন , আমাদের এ ব্যাপারে (দুর্যোগ) সামগ্রিক প্রস্তুতি রয়েছে, বড়ো ধরনের কোনো আশঙ্কা আপাতত নেই। বড়ো ধরনের কোনো ঘটনা ঘটলে আমরা অবশ্যই তাৎক্ষণিকভাবে সেখানে সহযোগিতা দেব। এছাড়া দেশের বাকি সব জেলায় পাঁচ লাখ করে টাকা এবং ১০০ টন করে চাল বরাদ্দ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## হেবা দলিলে উৎসে কর নিয়ে বিভ্রান্তি দূর করলো এনবিআর

সম্পত্তির হেবা (দান) দলিল নিবন্ধনের ক্ষেত্রে উৎসে কর নয় , শুধু দানকর প্রযোজ্য বলে স্পষ্ট করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। নতুন আয়কর আইন ও বিধিমালার ভাষাগত অস্পষ্টতার কারণে মাঠপর্যায়ে সৃষ্টি হওয়া বিভ্রান্তি দূর করতে মঙ্গলবার (৭ জুলাই) এ বিষয়ে আনুষ্ঠানিক ব্যাখ্যা দেয় সংস্থাটি। এনবিআরের দ্বিতীয় সচিব (কর আইন-১) মো. একরামুল হক স্বাক্ষরিত স্পষ্টীকরণে বলা হয়, আয়কর আইন, ২০২৩-এর ১২৫ ধারা এবং উৎসে কর বিধিমালা, ২০২৬ অনুযায়ী সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে নির্ধারিত হারে উৎসে কর সংগ্রহের বিধান রয়েছে। তবে ২০২৬-২৭ অর্থবছর থেকে ১২৫ ধারায় নতুন উপধারা (২ক) সংযোজন করা হয়েছে। এতে বলা হয়েছে , সম্পত্তি হস্তান্তরের দলিল নিবন্ধনের ক্ষেত্রে দানকর আইন , ১৯৯০ অনুযায়ী প্রযোজ্য হারে দানকর ই -চালানের মাধ্যমে নিবন্ধনকারী কর্মকর্তাই সংগ্রহ করবেন। এনবিআর বলেছে , এই বিধান শুধুমাত্র হেবা বা দানের মাধ্যমে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে প্রযোজ্য। ক্রয় - বিক্রয়ের মাধ্যমে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য নয়। হেবা বা দানের ক্ষেত্রে দানকারীকে দানকর আইন , ১৯৯০ অনুযায়ী প্রযোজ্য হারে দানকর পরিশোধ করতে হবে এবং এ ক্ষেত্রে উৎসে কর প্রযোজ্য হবে না। অন্যদিকে , ক্রয়-বিক্রয়ের মাধ্যমে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে দানকর প্রযোজ্য নয়। এ ধরনের নিবন্ধনের সময় কেবল নির্ধারিত হারে উৎসে কর সংগ্রহ করা হবে বলে স্পষ্ট করেছে এনবিআর। সম্পত্তি নিবন্ধনের আগে নির্ধারিত কর পরিশোধ বাধ্যতামূলক করায় নতুন আয়কর আইন ও বিধিমালায় হেবা এবং দান দলিলে কর পরিশোধের বিষয়টি নিয়ে মাঠপর্যায়ে বিভ্রান্তি দেখা দেয়। ফলে দেশের বিভিন্ন স্থানে হেবা ও দানসংক্রান্ত জমি ও ফ্ল্যা টের দলিল নিবন্ধন কার্যক্রমও স্থবির হয়ে পড়ে। সংশ্লিষ্টরা জানান , অর্থবিল-২০২৬-এর মাধ্যমে আয়কর আইনের ১২৫ ধারা সংশোধন এবং আয়কর বিধিমালা -২০২৬ জারির পর নতুন বিধানে কর আদায়ের বিষয়ে অস্পষ্টতা তৈরি হয়েছে। বিশেষ করে হেবা বা দানের ক্ষেত্রে দানকরের পাশাপাশি উৎসে করও দিতে হবে কি না , তা পরিষ্কার না থাকায় নিবন্ধন কার্যক্রমে জটিলতা সৃষ্টি হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## রোহিঙ্গা প্রত্যাবাসনে চীনের সহযোগিতা চাইলেন বিরোধীদলীয় নেতা

মিয়ানমার থেকে জোরপূর্বক উচ্ছেদ হয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের প্রত্যাবা সনে চীন সরকারের সহযোগিতা চেয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা . শফিকুর রহমান। মঙ্গলবার (৭ জুলাই) বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ সহযোগিতা চান। বেলা সাড়ে ১১টায় রাজধানীর মিন্টু রোডে বিরোধীদলী য় নেতার সরকারি বাসভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে উভয়ে বাংলাদেশ ও চীনের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আন্তরিক ও ফলপ্রসূ আলোচনা করেন। তারা আশা প্রকাশ করেন , আগামী দিনগুলোতে দুই দেশের অর্থনৈতিক , রাজনৈতিক, বাণিজ্যিক, কূটনৈতিক ও বন্ধুত্ব পূর্ণ

সম্পর্ক আরও সুদৃঢ় হবে। পাশাপাশি দ্বিপক্ষীয় সহযোগিতা , উন্নয়ন ও অগ্রগতির ধারাকে আরও বেগবান করতে উভয় দেশ একযোগে কাজ করবে বলেও তারা আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া তিস্তা ব্যারাজ মহা পরিকল্পনা, চীন-মিয়ানমার-বাংলাদেশ ইকোনমিক করিডোর এবং বাংলাদেশে চীনের বিনিয়োগ ও প্রস্তাবিত বিভিন্ন প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিরোধীদলীয় নেতা রোহিঙ্গা সমস্যার আশু সমাধান এবং রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রত্যাবাসনে চীন সরকারের সহযোগিতা কামনা করেন। বৈঠকে বাংলাদেশ ও চীনের দীর্ঘদিনের ঐতিহাসিক বন্ধু ত্বের গুরুত্ব তুলে ধরা হয়। উভয়পক্ষ উল্লেখ করেন, দুই দেশের জনগণের কল্যাণ , উন্নয়ন সহযোগিতা , পারস্পরিক বাণিজ্য সম্প্রসারণ ও সাংস্কৃতিক বিনিময়ে এই বন্ধুত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ভবিষ্যতে এই সম্পর্ক আরও গভীর ও বহুমাত্রিক হবে বলে তারা প্রত্যাশা ব্যক্ত করেন। এসময় আরও উপস্থিত ছিলেন চী না দূতাবাসের রাজনৈতিক সেকশনের পরিচালক ঝ্যাং জিং ও পলিটিক্যাল অ্যাটাশে রু কি এবং বিরোধীদলীয় নেতার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমান ও পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা কমিটির সদস্য আলী আহমাদ মাবরুর।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## বাংলাদেশে তৈরি ক্যানসারের ঔষধ আমদানিতে আগ্রহী বেশ কয়েকটি দেশ

বিশ্ববাজারে বাংলাদেশের উৎপাদিত ঔষধের চাহিদা দিন দিন বেড়েই চলেছে। এরই ধারাবাহিকতায় এবার বাংলাদেশে তৈরি ক্যানসারের ঔষধসহ অন্যান্য জীবনরক্ষাকারী ঔষ ধ আমদানিতে আগ্রহ প্রকাশ করেছে তিউনিশিয়াসহ বেশ কয়েকটি দেশ। মঙ্গলবার (৭ জুলাই) রাজধানীর গুলশানের এক হোটেলে 'বাংলাদেশে স্বাস্থ্য উদ্যোক্তা হওয়ার পথ' শীর্ষক কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্যে এ তথ্য জানান স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো . সাখাওয়াত হোসেন। স্বাস্থ্যমন্ত্রী জানান , মাত্র এক সপ্তাহ আগে প্যারিসে অনুষ্ঠিত বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) এক সম্মেলনে তিউনিশিয়াসহ দু-তিনটি দেশের প্রতিনিধিরা বাংলাদেশের ঔষধ প্রস্তুতকারক ও সরকারের সঙ্গে বিশেষ বৈঠকের আগ্রহ প্রকাশ করেন। তিনি বলেন, "ঔষধ রপ্তানির আন্তর্জাতিক বাজারে আমাদের বেসরকারি প্রস্তুতকারকরা খুব ভালো নাম অর্জন করেছেন। আন্তর্জাতিক প্রতিনিধিরা আমাদের উৎপাদিত ঔষধ, বিশেষ করে ক্যানসারের ঔষধসহ অন্যান্য ঔষধ নিতে চান। এছাড়া আমরা দেশে ভ্যাকসিন তৈরির কারখানা ও উৎপাদন শুরু করতে যাচ্ছি।" বর্তমান সরকারের আমলে স্বাস্থ্যখাতে অভুতপূর্ব পরিবর্তন এসেছে উল্লেখ করে মন্ত্রী বলেন , প্রধানমন্ত্রী তারেক রহমানের মতো একজন গুণী উদ্যোক্তার নেতৃত্বে দেশের স্বাস্থ্যখাতের বাজেট ২৩ হাজার কোটি টাকা থেকে দ্বিগুণেরও বেশি বাড়িয়ে ৬৯ হাজার কোটি টাকায় উন্নীত করা হয়েছে। জনসংখ্যা অনুপাতে চিকিৎসক ও নার্সের সংখ্যা কম থাকা সত্ত্বেও তারা দেশের বিভিন্ন সংকটে উদ্যোক্তাসুলভ মানসিকতা নিয়ে নিরলস সেবা দিয়ে যাচ্ছেন বলে উল্লেখ করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## জুলাই অভ্যুত্থানে আওয়ামী লীগের অপরাধের প্রাথমিক প্রমাণ মিলেছে

জুলাই গণ-অভ্যুত্থানে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের সঙ্গে সংগঠন হিসেবে আওয়ামী লীগে র প্রাথমিক সংশ্লিষ্টতা পাওয়া গেছে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো . আমিনুল ইসলাম। তিনি বলেন, অপরাধের সঙ্গে আওয়ামী লীগের প্রাথমিক সংশ্লিষ্টতা আছে বলেই তো তদন্ত শুরু হয়েছে। আমাদের তদন্ত সংস্থা কাজ করছে। প্রাথমিক সংশ্লিষ্টতা তো আছেই, তদন্ত শেষ হওয়া তো সময়ের ব্যাপার। মঙ্গলবার (৭ জুলাই) সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। চিফ প্রসিকিউটর বলেন , জুলাই গণ-অভ্যুত্থানের মধ্যে দলগতভাবে আওয়ামী লীগের সংশ্লিষ্টতা আছে। ব্যক্তিগত দায় আছে , সুপিরিয়র রেসপনসিবিলিটি আছে ; সব বিষয় নিয়েই তদন্ত চলছে। প্রাথমিক সংশ্লিষ্টতার মধ্যে কী আছে - এমন প্রশ্নের জবাবে তিনি বলেন , জুলাই আন্দোলনের মধ্যে দলগত তাদের সংশ্লিষ্টতা আছে, ব্যক্তিগত দায় আছে, সুপিরিয়র দায় আছে। এগুলো নিয়েই আমাদের তদন্ত এগুচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## হাইকোর্ট ও সুপ্রিম কোর্টে সাড়ে ৫ লাখের বেশি মামলা বিচারাধীন

দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগে বর্তমানে সাড়ে পাঁচ লাখের বেশি দেওয়ানি ও ফৌজদারি মামলা বিচারাধীন রয়েছে বলে জানিয়েছেন আইন , বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো . আসাদুজ্জামান। তিনি জানান, সুপ্রিম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগ মিলিয়ে বর্তমানে মোট বিচারাধীন মামলার সংখ্যা ৫ লাখ ৬১ হাজার ৪৪টি। এর মধ্যে গত এক বছরে দুই বিভাগ মিলিয়ে মোট ৬৩ হাজার ৩০৯টি মামলা নিষ্পত্তি হয়েছে। মঙ্গলবার (৭ জুলাই) জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের ২০তম দিনে যশোর-৪ আসনের সংসদ সদস্য গোলাম রছুলের প্র শ্নের জবাবে আইনমন্ত্রী এসব তথ্য জানান। এদিন সংসদে সভাপতিত্ব করে ন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। সংসদে আইনমন্ত্রী জানান, সুপ্রিম কোর্টের আপিল বিভাগে চলতি বছরের ৩১ মার্চ পর্যন্ত ২১ হাজার ৬৫২টি দেওয়ানি ও ১৭ হাজার ৬১টি ফৌজদারি মামলাসহ মোট ৩৮ হাজার ৭১৩টি মামলা বিচারাধীন রয়েছে। অন্যদিকে , হাইকোর্ট বিভাগে বিচারাধীন রয়েছে ৫ লাখ ২২ হাজার ৩৩১টি মামলা, যার মধ্যে দেওয়ানি মামলার সংখ্যা ১ লাখ ১ হাজার ১৬৮টি এবং ফৌজদারি মামলার সংখ্যা ৪ লাখ ২১ হাজার ১৬৩টি। তিনি জানান , ২০২৫ সালে আপিল বিভাগে ৭ হাজার ৫৫৩টি এবং হাইকোর্ট বিভাগে ৫৫ হাজার ৭৫৬টি মামলা নিষ্পত্তি হয়েছে। আইনমন্ত্রী জানান , দেশের সব অধস্তন আদালতে গত ৩১ মার্চ পর্যন্ত মোট ৪০ লাখ ৭৮ হাজার ৪৩২টি মামলা বিচারাধীন রয়েছে, যার মধ্যে ১৬ লাখ

৯০ হাজার ৪৪৩টি দেওয়ানি এবং ২৩ লাখ ৮৭ হাজার ৯৮৯টি ফৌজদারি মামলা। তবে অধস্তন আদালতে মা মলার নিষ্পত্তির হার কিছুটা ইতিবাচক, যেখানে গত এক বছরে ২ লাখ ৭৫ হাজার ৮৪টি মামলা নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে দেওয়ানি মামলা ৪৯ হাজার ৭৩টি এবং ফৌজদারি মামলা ২ লাখ ২৬ হাজার ১১টি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ রিহাব)

## স্থানীয় সরকার নির্বাচনে বিধিমালা চূড়ান্তে নির্দেশ সিইসির

আসন্ন স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের প্রস্তুতির অংশ হিসেবে নির্বাচন কমিশন (ইসি) সচিবালয়কে দ্রুত নির্বাচনি আচরণবিধি ও নির্বাচন বিধিমালা চূড়ান্ত করার নির্দেশ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। মঙ্গলবার (৭ জুলাই) রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে এ তথ্য নিশ্চিত করেন একজন নির্বাচন কমিশনার। তিনি বলেন, "সিইসি স্যার আমাদের দ্রুত বিদ্যমান বিধিমালাগুলো চূড়ান্ত করার নির্দেশনা দিয়েছেন।" এর আগে, নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ বলেছিলেন, আগামী অক্টোবর থেকে ইউনিয়ন পরিষদ অথবা পৌরসভা নির্বাচন দিয়ে স্থানীয় সরকার নির্বাচন শুরু করা যৌক্তিক হবে। সেক্ষেত্রে ভোটের অন্তত ৪৫ দিন আগে তফসিল ঘোষণা করতে হবে। তাই এখন থেকেই প্রস্তুতি নেওয়া হচ্ছে। ইসি কর্মকর্তারা জানান, তফসিল ঘোষণার আগে নির্বাচনি আচরণবিধি ও নির্বাচন বিধিমালা চূড়ান্ত করা বাধ্যতামূলক। নির্বাচন কমিশনের রোডম্যাপ অনুযায়ী, আগামী ১৫ আগস্টের মধ্যে বিধিমালা চূড়ান্ত করার লক্ষ্য রয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ রুবাইয়া)

## চলমান বিভিন্ন উন্নয়ন কার্যক্রমে সহযোগিতার প্রতিশ্রুতি যুক্তরাজ্যের

মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রী অধ্যা পক ডা. এ জেড এম জাহিদ হোসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক। এ সময় বাংলাদেশে চলমান বিভিন্ন উন্নয়ন কার্যক্রমে যুক্তরাজ্যের পক্ষ থেকে সহযোগিতার প্রতিশ্রুতি ব্যক্ত করেন তিনি। মঙ্গলবার (৭ জুলাই) বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রীর দপ্তর কক্ষে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ইয়াসমীন পারভীন উপস্থিত ছিলেন। বৈঠকে নারী ও শিশুদের টেকসই উন্নয়ন, লিঙ্গ সমতা, নারীর অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষমতায়ন, নারী শিক্ষা, বাল্যবিবাহ প্রতিরোধ, অনলাইনে সাইবার বুলিং এবং নারী ও শিশুর প্রতি সহিংসতা নির্মূলসহ পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। সাক্ষাৎকালে মন্ত্রী বলেন, নির্বাচনি প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রধানমন্ত্রী তারেক রহমান দুর্নীতির বিরুদ্ধে দৃঢ় অবস্থান এবং নারী ও শিশুর প্রতি সব ধরনের সহিংসতা নির্মূলের মাধ্যমে সবার জন্য একটি মানবিক ও ন্যায়ভিত্তিক বাংলাদেশ গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন। যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক সামাজিক নিরাপত্তা, নারী ও শিশু অধিকার সুরক্ষাসহ বিভিন্ন খাতে বাংলাদেশের সঙ্গে যুক্তরাজ্যের সহযোগিতা আরও এগিয়ে নেওয়ার আহ্বান জানা ন। একইসঙ্গে তিনি দেশের চলমান বিভিন্ন উন্নয়ন কার্যক্রমে যুক্তরাজ্যের পক্ষ থেকে সহযোগিতার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। মন্ত্রী সাক্ষাৎকালে মহিলা ও শিশু বিষয়ক এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রম যেমন ফ্যামিলি কার্ড, ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার, কুইক রেসপন্স টিম এবং ডিএনএ ল্যাব সম্পর্কে অবহিত করেন। যৌন হয়রানি ও সহিংসতা প্রতিরোধে সরকার ডিএনএ ল্যাবরেটরির মাধ্যমে বৈজ্ঞানিক প্রমাণ সংগ্রহ করে ধর্ষণের মতো অপরাধের বিচার প্রক্রিয়াকে আরও নির্ভরযোগ্যভাবে ত্বরান্বিত করা হচ্ছে যাতে ভুক্তভোগীরা ন্যায়বিচার পান। (জাগো নিউজ ওউএব পেজ: ০৭.০৭.২০২৬ রুবাইয়া)

## জলাবদ্ধতা নিরসন ও পানি নিষ্কাশনে রাতেও সড়কে সেনাবাহিনী

টানা ভারী বর্ষণে সৃষ্ট জলাবদ্ধতা নিরসন ও দ্রুত পানি নিষ্কাশনে দিন-রাত কাজ করছে বাংলাদেশ সেনাবাহিনী। সোমবার রাত থেকে মঙ্গলবার রাতেও চট্টগ্রাম নগরের বিভিন্ন খাল, নালা, কালভার্ট ও জলাবদ্ধতাপ্রবণ এলাকায় সেনাবাহিনীর সদস্যদের পানিপ্রবাহ স্বাভাবিক করতে কাজ করতে দেখা গেছে। সেনাবাহিনী সূত্র জানায়, জলাবদ্ধতা নিরসন প্রকল্পের আওতায় গঠিত ১৬টি কুইক রেসপন্স টিম (কিউআরটি) সার্বক্ষণিক মাঠে রয়েছে। প্রতিটি দলে প্রকৌশলী, সার্ভেয়ার, জুনিয়র কমিশন্ড কর্মকর্তা (জেসিও), সৈনিক ও সুপারভাইজারসহ ছয়জন সদস্য দায়িত্ব পালন করছেন। প্রয়োজন অনুযায়ী তাদের সঙ্গে অতিরিক্ত শ্রমিকও যুক্ত করা হচ্ছে। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, বৃষ্টি চলাকালীন এবং বৃষ্টি থেমে যাওয়ার পরপরই কোথাও পানি জমে থাকলে দ্রুত তা অপসারণের ব্যবস্থা নেওয়া হচ্ছে। খাল, নালা ও ড্রেনে জমে থাকা মাটি ও আবর্জনা সরিয়ে পানির প্রবাহ সচল রাখতে কাজ করছেন সেনাবাহিনীর সদস্যরা। পুরো কার্যক্রম একটি নিয়ন্ত্রণ কক্ষ (কন্ট্রোল সেল) থেকে পর্যবেক্ষণ করা হচ্ছে। সমন্বয়ের জন্য রয়েছে পৃথক একটি হোয়াটসঅ্যাপ গ্রুপও। চট্টগ্রাম নগরের জলাবদ্ধতা নিরসনে চলমান প্রকল্পের ৯৮ শতাংশ কাজ শেষ হয়েছে। প্রকল্পের আওতায় ৩৬টি খালের মধ্যে ৩০টির কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। বাকি ছয়টি খালের কাজও শেষ পর্যায়ে রয়েছে। প্রকল্প সংশ্লিষ্টদের দাবি, বিভিন্ন অবকাঠামোগত ও আইনি প্রতিবন্ধকতা সত্ত্বেও জলাবদ্ধতা আগের তুলনায় উল্লেখযোগ্যভাবে কমেছে। প্রকল্পের সব কাজ শেষ হলে নগরের জলাবদ্ধতা ৭০ থেকে ৮০ শতাংশ কমে আসবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## চিকিৎসা, শিক্ষা ও স্বাস্থ্যসেবায় ঢাকা মেডিকেলের অবদান জাতির জন্য গর্বের : প্রধানমন্ত্রী

গত আট দশকে চিকিৎসা ক্ষেত্রে ঢাকা মেডিকেল কলেজের অবদান জাতির জন্য গর্বের বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ঢাকা মেডিকেল কলেজের ৮০ বছর পূর্তি ও ৮১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে মঙ্গলবার শুভেচ্ছা ও অভিনন্দন বার্তায় তিনি এ মন্তব্য করেন। প্রধানমন্ত্রী বলেন, "একটি জাতির অগ্রগতি শুধু অর্থনৈতিক উন্নয়নের ওপর নির্ভর করে না; তা নির্ভর করে সুস্থ, দক্ষ ও মানবিক জনগোষ্ঠীর ওপর। আর সেই ভিত্তি নির্মাণে মানসম্মত চিকিৎসা শিক্ষা, গবেষণা ও আধুনিক স্বাস্থ্যসেবার ভূমিকা অপরিসীম। দেশের চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্যসেবার বিকাশে ঢাকা মেডিকেল কলেজ আট দশক ধরে যে অনন্য অবদান রেখে চলেছে, তা জাতীয় গর্বের বিষয়। এ ধারাকে আরও শক্তিশালী করতে সরকার স্বাস্থ্যসেবা, চিকিৎসা শিক্ষা, গবেষণা এবং দক্ষ মানবসম্পদ উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করে যাচ্ছে।" তিনি বলেন, "ঢাকা মেডিকেল কলেজের ৮০ বছর পূর্তি ও ৮১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আমি প্রাক্তন, বর্তমান ছাত্র-ছাত্রী, কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।" প্রধানমন্ত্রী বলেন, "১৯৪৬ সালের ১০ জুলাই প্রতিষ্ঠার পর থেকে ঢাকা মেডিকেল কলেজ দেশের চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্যসেবার অন্যতম প্রধান ভিত্তি হিসেবে গড়ে উঠেছে। দীর্ঘ এই পথচলায় প্রতিষ্ঠানটি অসংখ্য দক্ষ, মানবিক ও দেশপ্রেমিক চিকিৎসক তৈরি করেছে, যারা দেশে ও বিদেশে পেশাগত উৎকর্ষ, নেতৃত্ব এবং সেবার মাধ্যমে বাংলাদেশের মর্যাদা সমুন্নত রেখেছেন।" তারেক রহমান বলেন, "৫২-এর ভাষা আন্দোলন, ৭১-এর মুক্তিযুদ্ধ, ৯০ এর স্বৈরাচারবিরোধী আন্দোলন, ২৪ এর ছাত্র-জনতার অভ্যুত্থান, জাতীয় সংকট, প্রাকৃতিক দুর্যোগ এবং জনস্বাস্থ্য চ্যালেঞ্জ মোকাবিলায় প্রতিনিয়ত ঢাকা মেডিকেল কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও অ্যালামনাইদের অবদান জাতি গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে। বর্তমান বিশ্বে চিকিৎসাবিজ্ঞান, প্রযুক্তি এবং স্বাস্থ্যসেবার ক্ষেত্র দ্রুত পরিবর্তিত হচ্ছে। কৃত্রিম বুদ্ধিমত্তা, গবেষণাভিত্তিক জ্ঞানচর্চা এবং আধুনিক চিকিৎসা প্রযুক্তি স্বাস্থ্যখাতকে নতুন সম্ভাবনার দিকে নিয়ে যাচ্ছে।"

(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## সার্কের বর্তমান সংকট শুধু রাজনৈতিক নয় প্রাতিষ্ঠানিকও : শামা ওবায়েদ

সার্কের বর্তমান সংকট শুধু রাজনৈতিক নয় , প্রাতিষ্ঠানিকও বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। তিনি বলেছেন, প্রয়োজনীয় সংস্কার ও সদস্য দেশগুলোর রাজনৈতিক সদিচ্ছা থাকলে দক্ষিণ এশি য়ার এই আঞ্চলিক জোট বাংলাদেশের ভবিষ্যৎ অগ্রযাত্রার একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হয়ে উঠতে পারে। সোমবার (৭ জুলাই) রাজধানীতে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) আয়োজিত এক সেমিনারে তিনি এসব কথা বলেন। পররাষ্ট্র প্রতি মন্ত্রী জানান, সার্ককে আবারও কার্যকর, বাস্তবসম্মত ও ফলপ্রসূ আঞ্চলিক সংস্থায় পরিণত করতে বাংলাদেশ সক্রিয়ভাবে কাজ করবে। এ জন্য সদস্য রাষ্ট্রগুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা বাড়ানোর পাশাপাশি সংস্থাটির প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও কাঠামোগত সংস্কারের ওপর গুরুত্বা রোপ করেন তিনি। শামা ওবায়েদ বলেন, নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর সার্কভুক্ত প্রতিটি দেশের সঙ্গে পৃথকভাবে যোগাযোগ করছে ঢাকা। তার দাবি , সার্ককে পুনরুজ্জীবিত করার বিষয়ে সদস্য রাষ্ট্রগুলো ইতিবাচক মনোভাব দেখাচ্ছে। তিনি আরও জানান , আঞ্চলিক সহযোগিতা জোরদারে ভবিষ্য তেও সার্কের পাশাপাশি বিমসটেক -এর সঙ্গেও সমান গুরুত্ব দিয়ে কাজ চালিয়ে যাবে বাংলাদেশ।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ এলিনা)

## দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ৩৭ দশমিক ৮৫ বিলিয়ন ডলার

দেশের বৈদেশিক মুদ্রার মোট রিজার্ভ ৩৭ দশমিক ৮৫ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। বাং লাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, ৬ জুলাই পর্যন্ত দেশের মোট বা গ্রস বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৩৭ হাজার ৮৪৭ দশমিক ৭৭ মিলিয়ন মার্কিন ডলার। একই সময়ে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ব্যালেন্স অব পেমেন্টস অ্যান্ড ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট পজি শন ম্যানুয়াল-৬ (বিপিএম-৬) পদ্ধতি অনুযায়ী রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে ৩৩ হাজার ১৯৯ দশমিক ৩৯ মিলিয়ন মার্কিন ডলার। বাংলাদেশ ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ অ্যান্ড ট্রেজারি ম্যানেজমেন্ট বিভাগের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ এলিনা)

## বাংলাদেশের সাথে জাতিসংঘের অংশীদারিত্ব আরও জোরদার করার প্রত্যয়

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ -এর সঙ্গে সোমবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘের ডিপার্টমেন্ট অব অপারেশনাল সাপোর্ট (ডিওএস)-এর আন্ডার সেক্রেটারি জেনারেল (ইউএসজি) অতুল খারে এক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হয়েছেন। জাতিসংঘ সদর দপ্তরে অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে এই গুরুত্বপূর্ণ বৈঠকটি অনুষ্ঠিত হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে আজ বলা হয়, বৈঠকে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে নিয়োজিত বাংলাদেশি সামরিক ও পুলিশ কন্টিনজেন্টগুলোর পরিচালনাগত সহযোগিতা, আর্থিক ক্ষতিপূরণ বা প্রতিপূরণ দ্রুতকরণ, পরিবেশগত টেকসই উন্নয়ন, 'নারী, শান্তি ও নিরাপত্তা' (ডব্লিউ পিএস) এজেন্ডা এবং হাইতিতে বাংলাদেশের বিশেষায়িত পুলিশ কন্টিনজেন্ট মোতায়েনের প্রস্তুতিসহ দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

বৈঠকের শুরুতে পারস্পরিক কুশল বিনিময়ের পর মন্ত্রী শান্তিরক্ষা মিশনে মোতায়েনকৃত বাংলাদেশি সামরিক ও পুলিশ বাহিনীর প্রতিপূরণ সংক্রান্ত বিষয়সমূহ সহজতর করার ক্ষেত্রে ডি পার্টমেন্ট অব অপারেশনাল সাপোর্ট-এর ধারাবাহিক ও কার্যকর সহায়তার জন্য আন্ডার সেক্রেটারি জেনারেলকে আন্তরিক ধন্যবাদ জানান। একই সাথে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনগুলোতে সৌর প্যানেল স্থাপনের মাধ্যমে পরিবেশ সুরক্ষায় বিশেষ অবদানের জন্য ডিওএস -এর পরিবেশ বিভাগকেও ধন্যবাদ জানান তিনি। মন্ত্রী বলেন , জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা অন্যতম দেশ হিসেবে বাংলাদেশ শান্তিরক্ষা মিশনগুলোর কার্বন ফুটপ্রিন্ট বা পরিবেশগত ক্ষতি হ্রাস করতে গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন , বাংলাদেশ বিশ্বের প্রথম দেশ হিসেবে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সৌর প্যানেল স্থাপন করেছে। এই খাতে বাংলাদেশের যে বিশেষায়িত অভিজ্ঞ তা ও সক্ষমতা রয়েছে , তা ব্যবহার করে জাতিসংঘের সহযোগিতায় ভবিষ্যতে মিশন এলাকাগুলোতে আরও ব্যাপকভাবে নবায়নযোগ্য জ্বালানি ও সৌর প্যানেল স্থাপনে বাংলাদেশ কাজ করতে আগ্রহী। মন্ত্রী আরো বলেন , বাংলাদেশ 'উইমেন, পিস অ্যান্ড সিকিউরিটি ' (ডব্লিউ পিএস ) এজেন্ডা বাস্তবায়নে দৃঢ়প্রতিজ্ঞ। তিনি মিশন এলাকায় নারী শান্তিরক্ষীদের জন্য নিরাপদ , উপযুক্ত এবং অনুকূল কর্মপরিবেশ নিশ্চিত করতে জাতিসংঘকে আরও বেশি পরিবেশবান্ধব ও নারী -বান্ধব অবকাঠামো নির্মাণে বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানান। পাশাপাশি প্রতিকূল বা শত্রুভাবাপন্ন আক্রমণাত্মক পরিস্থিতি তে শান্তিরক্ষীরা যাতে আরও দক্ষতার সাথে দায়িত্ব পালন করতে পারেন, সেজন্য তাদের পর্যাপ্ত সক্ষমতা বৃদ্ধি এবং উন্নত প্রশিক্ষণের ওপর জোর দেন তিনি। সালাহউদ্দিন আহমদ বলেন, হাইতির বর্তমান অস্থিতিশীল ও জটিল নিরাপত্তা পরিস্থিতির চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ পুলিশ অত্যন্ত আধুনিক ও উচ্চ ক্ষমতাসম্পন্ন ৩টি বিশেষায়িত ফর্মড পুলিশ ইউনিট মোতায়েনের প্রস্তুতি সম্পন্ন করেছে। মন্ত্রী জানান, প্রচলিত এফপিইউ-এর তুলনায় এই ইউনিটগুলো সোয়াত , র্যা পিড রেসপন্স প্ল্যাটুন, বিস্ফোরক অর্ডন্যান্স নিষ্ক্রিয়করণ, ফরেনসিক ও ক্রাইম সিন ম্যানেজমেন্ট , সংগঠিত অপরাধ ও সাইবার ক্রাইম তদন্ত , নৌ-কার্যক্রম এবং মাদকবিরোধী অভিযানে বিশেষভাবে পারদর্শী। হাইতিতে এই বিশেষায়িত সক্ষমতার সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে স্বরাষ্ট্রমন্ত্রী জাতিসংঘের সংশ্লিষ্ট বিভাগগুলোর কাছে কয়েকটি সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করেন। তিনি জানান , এই বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য আগামী ১৫-১৭ জুলাই ২০২৬ জাতিসংঘ সদর দপ্তরে বাংলাদেশ পুলিশের একটি ৩ সদস্যের উচ্চপর্যায়ের প্রতিনিধি দল এমওইউ আলোচনায় অংশ নেবে। এই আলোচনা সফল করতে এবং প্রস্তাবিত সরঞ্জামসমূহ অন্তর্ভুক্তির বিষয়ে জাতিসংঘের সংশ্লিষ্ট দপ্তরগুলোর পূ র্ণ সহযোগিতা প্রত্যাশা করেন মন্ত্রী। তিনি আরও উল্লেখ করেন , পূর্ণাঙ্গ এফপিইউ মোতায়েনের পাশাপাশি অন্যান্য পুলিশ অবদানকারী দেশের (পিসিসি) স্বনির্ভর ইউনিটের সাথে যৌথভাবে বাংলাদেশের বিশেষায়িত পুলিশ টিম বা প্ল্যাটুন মোতায়েন করতেও বাংলাদেশ প্রস্তুত রয়েছে।
আলোচনাকালে বিশ্বশান্তি প্রতিষ্ঠায় জাতিসংঘের নীল পতাকাতলে বাংলাদেশের অবিচল ও দৃঢ় অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ আশা প্রকাশ করেন , বাংলাদেশের পেশাদারিত্ব এবং জাতিসংঘের লজিস্টিক সাপোর্টের সমন্বয়ে বিশ্ব শান্তিরক্ষা আরও এক ধাপ এগিয়ে যা বে। জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল অতুল খারে শান্তিরক্ষা মিশনে বাংলাদেশি শান্তিরক্ষীদের পেশাদারিত্ব , সাহসিকতা এবং শৃঙ্খলার ভূয়সী প্রশংসা করেন। তিনি পরিবেশ সুরক্ষায় বাংলাদেশের অগ্রণী ভূমিকার প্রশংসা করে হাইতিতে বিশেষায়িত পুলিশ ইউনিট মোতায়েনসহ স্বরাষ্ট্রমন্ত্রীর উত্থাপিত প্রস্তাবগুলো অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনার আশ্বাস দেন এবং বাংলাদেশের সাথে জাতিসংঘের অংশীদারিত্ব আরও জোরদার করার প্রত্যয় ব্যক্ত করেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ এলিনা)

## ডেঙ্গু পরীক্ষা ৩১ ডিসেম্বর পর্যন্ত ফ্রি করল সরকার

দেশের সব সরকা রি হাসপাতালে ডেঙ্গু রোগ নির্ণয়ে আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত এনএসআই পরীক্ষা বিনামূল্যে করার জন্য নির্দেশনা দিয়েছে সরকার। গত ৫ জুলাই স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগ থেকে এ সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে। উপসচিব কাজী শরিফ উদ্দিন আ হমেদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে , সরকারি হাসপাতালে ডেঙ্গু রোগ নির্ণয়ের জন্য এনএসআই পরীক্ষা আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত বিনামূল্যে করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া নির্দেশনাটি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য সারা দেশের মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক, সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাসহ নির্দেশনাটি সংশ্লিষ্ট সবার কাছে পাঠিয়েছে মন্ত্রণালয়।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৭.০৭.২০২৬ এলিনা)

## বাংলাদেশিদের জন্য খুললো মালয়েশিয়ার শ্রমবাজার

প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক মালয়েশিয়া সফরের পর বাংলাদেশি কর্মীদের জন্য আবারও উন্মুক্ত হলো মালয়েশিয়ার শ্রমবাজার। মঙ্গলবার দুপুরে সিলেট সার্কিট হাউসে এক সংবাদ সম্মেলনে প্রবাসীকল্যাণ মন্ত্রী আরিফুল হক চৌধুরী এ ঘোষণা দেন। মন্ত্রী জানান, আগামী এক থেকে দুই মাসের মধ্যে সম্পূর্ণ বিনা খরচে মালয়েশিয়ায় কর্মী পাঠানো শুরু হবে বলে আশা করছে সরকার। এবার মালয়েশিয়ার ওপর নির্ভর না করে বাংলাদেশ নিজেই রিক্রুটিং এজেন্সি নির্বাচন করবে। অতীতের তিক্ত অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে সরকার এবার সিন্ডিকেট ও দুর্নীতি এড়াতে এজেন্সিগুলোর সঙ্গে সমন্বিত উদ্যোগে কাজ করছে। বিশ্লেষকরা মনে করছেন, জনশক্তি রফতানি প্রক্রিয়া স্বচ্ছ না হলে দীর্ঘমেয়াদে এই বাজারে আবার অস্থিরতা দেখা দিতে পারে। দীর্ঘদিন ধরে নানা চড়াই-উতরাই পেরিয়েছে মালয়েশিয়ার

শ্রমবাজার। ২০০৮ সালে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে শ্রমবাজারটি বন্ধ হয় এবং ২০১৬ সালে তা পুনরায় চালু হয়। কিন্তু দুর্নীতির অভিযোগে ২০১৮ সালে বাংলাদেশ থেকে শ্রমিক নেওয়া আবার বন্ধ করে দেয় মালয়েশিয়া। এরপর ২০২২ সালের আগস্ট থেকে কর্মী যাওয়া শুরু হলেও ২০২৪ সালের ১ জুন থেকে আবারও বাংলাদেশি কর্মীদের জন্য শ্রমবাজারটি বন্ধ হয়ে যায়। তবে প্রধানমন্ত্রী তারেক রহমানের মালয়েশিয়া সফরে দুই দেশের আলোচনার মাধ্যমে আইনি জটিলতা কাটিয়ে এই শ্রমবাজার আবারও সচল হলো। ২০২৪ সালে মালয়েশিয়ায় যাওয়ার জন্য প্রস্তুতি নিয়ে শেষ মুহূর্তে আটকা পড়া ৭ হাজার ৮৭৩ জন কর্মীকে পাঠানোর দায়িত্ব সরকারি সংস্থা বোয়েসেলকে দেওয়া হয়েছে। এর মধ্যে ৩ হাজার কর্মী ইতোমধ্যে মালয়েশিয়ায় পৌঁছেছেন এবং অবশিষ্ট কর্মীদের বিষয়ে সরকার দ্রুত পৃথক সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়া চালাচ্ছে। সিলেটের ওই অনুষ্ঠানে প্রবাসীকল্যাণ মন্ত্রী শুধু মালয়েশিয়াই নয়, অদূর ভবিষ্যতে মধ্যপ্রাচ্য, জাপান ও মরিশাসের শ্রমবাজার নিয়েও সুখবর দেওয়ার ইঙ্গিত দিয়েছেন। তিনি জানান, রেমিট্যান্স প্রবাহ বাড়াতে সরকার বিকল্প শ্রমবাজার অনুসন্ধানে কাজ করে যাচ্ছে। প্রধানমন্ত্রীর এই সফর ও তৎপরতাকে কেন্দ্র করে মালয়েশিয়ার শ্রমবাজার পুনরায় সচল হওয়ায় বাংলাদেশি কর্মীদের মাঝে নতুন করে আশার সঞ্চার হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## এইচএসসি পরীক্ষা নিয়ে যা বলছে বোর্ড

দেশের কয়েকটি নদীর পানি বিপৎসীমা অতিক্রম করতে পারে বলে জানিয়েছে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। ভারী বৃষ্টি এবং নদীর পানি বৃদ্ধির কারণে দেশের ১৬ জেলায় বন্যার পূর্বাভাস দিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এদিকে সারা দেশে এইচএসসি ও সমমনা পরীক্ষা চলমান। আন্তঃশিক্ষা বোর্ড জানিয়েছে, কোনো অঞ্চলে বন্যা বা দুর্যোগপূর্ণ পরিস্থিতি সৃষ্টি হলে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে। পরীক্ষার্থী ও অভিভাবকদের উদ্বিগ্ন না হওয়ার পরামর্শ দিয়ে আন্তঃশিক্ষা বোর্ড বলছে, এ বিষয়ে সব ধরনের প্রস্তুতি রয়েছে। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান বলেন, “১৬ জেলায় বন্যার পূর্বাভাস রয়েছে, এ বিষয়টি আমরা অবগত রয়েছি। কোনো জেলায় বন্যা হলে মন্ত্রণালয়ের সংশ্লিষ্টদের সঙ্গে পরামর্শ করে পরীক্ষার বিষয়ে সিদ্ধান্ত জানানো হবে।” বোর্ড জানিয়েছে, পরীক্ষা বাস্তবায়নে প্রয়োজন হলে পরীক্ষার্থীদের কেন্দ্রের নিকটবর্তী স্থানে নিয়ে আসার জন্যও নির্দেশনা দেওয়া রয়েছে। তবে কোনো জেলায় বন্যা হলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## সাজেক ভ্যালি পর্যটনকেন্দ্র সাময়িক বন্ধ ঘোষণা

ভারী বর্ষণ ও পাহাড়ধসের কারণে পর্যটক এবং জনসাধারণের জানমালের নিরাপত্তা বিবেচনায় রাঙামাটির ঐতিহ্যবাহী ‘সাজেক ভ্যালি’ পর্যটনকেন্দ্র সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে। মঙ্গলবার (৭ জুলাই) সন্ধ্যা থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে। রাঙামাটি জেলা প্রশাসনের জুডিসিয়াল মুন্সিখানা শাখা থেকে জেলা ম্যাজিস্ট্রেট নাজমা আশরাফী সই করা এক জরুরি গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। গণবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ঝড় সতর্কীকরণ কেন্দ্রের সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি বিষয়ক পূর্বাভাসের পরিপ্রেক্ষিতে এবং সাম্প্রতিক সময়ে রাঙামাটি পার্বত্য জেলায় অব্যাহত ভারী বর্ষণের কারণে বিভিন্ন স্থানে ভূমিধস ও পাহাড়ধসের ঘটনা ঘটেছে। একইসঙ্গে পাহাড়ি ঢল ও ধসের কারণে অভ্যন্তরীণ যোগাযোগব্যবস্থাও মারাত্মকভাবে বিঘ্নিত হয়েছে। বিদ্যমান আবহাওয়ায় সম্ভাব্য বড়ো ধরনের ঝুঁকি বিবেচনা করে পর্যটক ও জনসাধারণের জানমালের নিরাপত্তা নিশ্চিতকল্পে মঙ্গলবার সন্ধ্যা থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত রাঙামাটি জেলাধীন বাঘাইছড়ি উপজেলার সাজেক ভ্যালি পর্যটনকেন্দ্র সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হলো। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## বন্যার কবলে পড়তে পারে ১৬ জেলা

তিস্তাসহ দেশের উত্তর, উত্তর-পূর্ব ও দক্ষিণ-পূর্বাঞ্চলের বেশ কয়েকটি নদ-নদীর পানি আগামী ২৪ থেকে ৭২ ঘণ্টার মধ্যে দ্রুত বাড়তে পারে। এতে তিস্তা নদীর পানি বিপৎসীমা অতিক্রম করার পাশাপাশি দেশের ১৬ জেলার বিভিন্ন নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি তৈরি হওয়ার আশঙ্কা রয়েছে। মঙ্গলবার বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের প্রকাশিত বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি বিষয়ক পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। পূর্বাভাসে বলা হয়, বর্তমানে দেশের প্রধান নদ-নদীগুলোর পানি বিপৎসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। মঙ্গলবার সকাল ৯টার তথ্য অনুযায়ী, পর্যবেক্ষণাধীন কোনো নদীর পানি বিপৎসীমা অতিক্রম করেনি। ১২৭টি পানি সমতল পর্যবেক্ষণ কেন্দ্রের মধ্যে ৩৮টিতে পানি বেড়েছে, ৮৬টিতে কমেছে এবং তিনটি কেন্দ্রে পানি অপরিবর্তিত রয়েছে। এদিকে, উজানে ভারতের বিভিন্ন এলাকায় ভারী বৃষ্টিপাত হয়েছে। এর মধ্যে মেঘালয়ের মাওকিরওয়াতে ১৫৩ মিলিমিটার, আর কে এম সোহরায় ১৪১ মিলিমিটার, চেরাপুঞ্জিতে ১৩৩ মিলিমিটার এবং দক্ষিণ ত্রিপুরার সাবরামে ৫৮ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। এসব বৃষ্টিপাতের প্রভাবে বাংলাদেশের উজানের নদীগুলোর পানি বাড়তে পারে। বন্যা পূর্বাভাস কেন্দ্র জানিয়েছে, আগামী ২৪ থেকে ৭২ ঘণ্টায় গোমতী, মুহুরি, ফেনী, সেলোনিয়া, হালদা, সাঙ্গু ও মাতামুহুরী নদীর পানি দ্রুত বৃদ্ধি পেতে পারে। এর ফলে বান্দরবান, কক্সবাজার, ফেনী, চট্টগ্রাম ও খাগড়াছড়ির কিছু এলাকায় নদীর পানি বিপৎসীমার ওপরে উঠতে পারে। এতে নদীসংলগ্ন নিম্নাঞ্চলে সাময়িক বন্যা পরিস্থিতি দেখা দেওয়ার আশঙ্কা রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## বিশ্বের সবচেয়ে কম বাসযোগ্য শহর ঢাকা

প্রতি বছরের মতো এবারও বৈশ্বিক বাসযোগ্যতা সূচক প্রকাশ করেছে ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট। বিশ্বের ১৭৩টি শহরের ওপর পরিচালিত এই জরিপে টানা দ্বিতীয় বছরের মতো বিশ্বের সবচেয়ে কম বাসযোগ্য শহরগুলোর একটি হিসেবে স্থান পেয়েছে ঢাকা। গত বছরের মতো এবারও তালিকায় বাংলাদেশের রাজধানীর অবস্থান ১৭১তম। ইআইইউর 'গ্লোবাল লাইভেবিলিটি ইনডেক্স ২০২৬'-এ দেখা গেছে, ঢাকার মোট স্কোর ৪২। ঢাকার নিচে রয়েছে শুধু ত্রিপোলি ও দামেস্ক। তালিকায় ত্রিপোলির অবস্থান ১৭২তম এবং দামেস্ক রয়েছে সর্বশেষ ১৭৩তম স্থানে। মূলত বহুজাতিক প্রতিষ্ঠানের মানবসম্পদ বিভাগকে সহায়তা এবং প্রবাসী কর্মীদের সুযোগ-সুবিধা নির্ধারণে এই সূচক প্রকাশ করে ইআইইউ। ইআইইউ শহরগুলোর বাসযোগ্যতা মূল্যায়নে পাঁচটি সূচক বিবেচনায় নিয়েছে- স্থিতিশীলতা, স্বাস্থ্যসেবা, সংস্কৃতি ও পরিবেশ, শিক্ষা এবং অবকাঠামো। প্রতিবেদনে বলা হয়েছে, গত কয়েক বছর ধরেই বাসযোগ্যতার সূচকে ধারাবাহিকভাবে তলানির দিকে রয়েছে ঢাকা। এবার বিশ্বের সবচেয়ে বাসযোগ্য শহরের স্বীকৃতি পেয়েছে ডেনমার্কের রাজধানী কোপেনহেগেন। টানা দ্বিতীয়বারের মতো শীর্ষস্থান ধরে রাখা শহরটির মোট স্কোর ৯৮। তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে অস্ট্রিয়ার ভিয়েনা, তৃতীয় স্থানে অস্ট্রেলিয়ার মেলবোর্ন। উত্তর আমেরিকার একমাত্র শহর হিসেবে কানাডার ভ্যাঙ্কুভার নবম স্থানে জায়গা করে নিয়েছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## জুলাইয়ের ৬ দিনে রেমিট্যান্স এলো ৬৯ কোটি ৬০ লাখ ডলার

চলতি অর্থবছরের প্রথম মাস জুলাইয়ের প্রথম ৬ দিনে দেশে রেমিট্যান্স বা প্রবাসী আয় এসেছে ৬৯ কোটি ৬০ লাখ মার্কিন ডলার, যা দেশীয় মুদ্রায় ৮ হাজার ৫৪৩ কোটি ৪০ লাখ টাকা। মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান এই তথ্য নিশ্চিত করেছেন। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য বলছে, গতকাল ৬ জুলাই রেমিট্যান্স এসেছে ১ হাজার ৫৮৩ কোটি ৪৭ লাখ ৫০ হাজার টাকা। গত বছরের একই সময়ে রেমিট্যান্স এসেছিল ৪২ কোটি ৭০ লাখ ডলার। সেই তুলনায় চলতি বছরের একই সময়ে ৬২ দশমিক ৮০ শতাংশ রেমিট্যান্স প্রবাহ বেড়েছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## শ্রমিকের মৃত্যুর দুই সপ্তাহ পর আবারও সেই কারখানায় অসুস্থ অর্ধশতাধিক

গাজীপুরের শ্রীপুরে একটি পোশাক কারখানায় আবারও অর্ধশতাধিক শ্রমিক হঠাৎ অসুস্থ হয়ে পড়েছেন। মাথা ঘোরা, পেটে তীব্র ব্যথা, বমি বমি ভাব ও শারীরিক দুর্বলতা নিয়ে তাদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনার পর কারখানায় আতঙ্ক ছড়িয়ে পড়লে কারখানা বন্ধ ঘোষণা করে কর্তৃপক্ষ। মঙ্গলবার সকাল ১০টার দিকে উপজেলার টেপিরবাড়ি এলাকার কালার অ্যান্ড কোং লিমিটেড কারখানায় এ ঘটনা ঘটে। এর আগে, গত ২৪ জুন একই কারখানায় রাতের শিফটে কাজ করার সময় অসুস্থ হয়ে পড়েও ছুটি না পেয়ে কর্মরত অবস্থায় মারা যান শ্রমিক লিজা আক্তার। ওই ঘটনার প্রতিবাদে পরদিন শ্রমিকরা সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন। স্থানীয় ও শ্রমিক সূত্র জানায়, মঙ্গলবার সকালে কারখানায় স্বাভাবিকভাবে কাজ চলছিল। সকাল ১০টার দিকে পঞ্চম তলার সুইং বিভাগে কয়েকজন শ্রমিক হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। তাদের মাথা ঘোরা, পেটে ব্যথা, বমি বমি ভাব ও দুর্বলতা দেখা দেয়। অল্প সময়ের মধ্যে অন্যান্য বিভাগেও একই ধরনের উপসর্গ নিয়ে আরো শ্রমিক অসুস্থ হতে থাকেন। পরে কারখানা কর্তৃপক্ষ তাদের আশপাশের বিভিন্ন হাসপাতালে পাঠায়। কারখানার সুইং অপারেটর মো. জাকির হোসেন বলেন, "কাজ করার সময় কয়েকজন সহকর্মী হঠাৎ বমি বমি ভাব, মাথা ও পেটব্যথা নিয়ে মেঝেতে বসে পড়েন। এরপর একে একে আরো অনেক শ্রমিক একইভাবে অসুস্থ হয়ে পড়েন। পরে কারখানার পক্ষ থেকে তাদের দ্রুত হাসপাতালে নেওয়া হয়।" শ্রমিক শাহেদা বেগম বলেন, "কারখানার কাজের পরিবেশ ভালো নয়। দুই সপ্তাহ আগে অসুস্থ হয়ে এক নারী শ্রমিক মারা গেছেন। তারপরও পরিস্থিতির কোনো পরিবর্তন হয়নি। আমরা নিরাপদ কর্মপরিবেশ চাই।"

(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## প্রশ্নফাঁস রোধে ৫ বছরের কারাদণ্ডের বিধান রেখে সংসদে বিল পাস

প্রশ্নপত্র ফাঁস, ডিজিটাল কারসাজি, জাল সনদ এবং প্রযুক্তিনির্ভর অন্যান্য পরীক্ষা-সংক্রান্ত অপরাধের বিরুদ্ধে কঠোর শাস্তির বিধান রেখে জাতীয় সংসদ আজ পাবলিক পরীক্ষা বিল, ২০২৬ পাস করেছে। বাংলাদেশের পাবলিক পরীক্ষা ব্যবস্থার স্বচ্ছতা, বিশ্বাসযোগ্যতা ও সুষ্ঠুতা রক্ষার লক্ষ্যেই বিলটি প্রণয়ন করা হয়েছে। মঙ্গলবার জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন বিলটি উত্থাপন করলে কণ্ঠভোটে তা পাস হয়। বিলের মাধ্যমে পাবলিক পরীক্ষা (অপরাধ) আইন, ১৯৮০-এর বিভিন্ন পুরোনো বিধান সংশোধন করে সাইবার প্রযুক্তিনির্ভর পরীক্ষা জালিয়াতি এবং নতুন ধরনের অনিয়ম মোকাবিলার ব্যবস্থা রাখা হয়েছে। বিলের উদ্দেশ্য ও কারণ-সংবলিত বিবৃতিতে বলা হয়, প্রায় ৪৫ বছর আগে প্রণীত বিদ্যমান আইনটি নকল, প্রশ্নপত্র ফাঁস, জাল সনদ তৈরি এবং অন্যান্য পরীক্ষা-সংক্রান্ত অনিয়ম প্রতিরোধের জন্য করা হয়েছিল। তবে ডিজিটাল প্রযুক্তির দ্রুত বিস্তারের ফলে আধুনিক ধরনের অপরাধ মোকাবিলায় আইনের অনেক বিধান অকার্যকর হয়ে পড়েছে। সংশোধনীতে প্রথমবারের মতো 'ডিজিটাল কারসাজি'-এর আইনি সংজ্ঞা যুক্ত করা হয়েছে। এর আওতায় পাবলিক পরীক্ষার ডাটাবেজে

অননুমোদিত প্রবেশ, হ্যাকিং, তথ্য পরিবর্তন, সংশোধন, মুছে ফেলা বা গোপন করাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। নতুন সংযোজিত ধারা ৫এ অনুযায়ী ডিজিটাল কারসাজির অপরাধে সর্বোচ্চ পাঁচ বছরের কারাদণ্ড, অর্থদণ্ড বা উভয় দণ্ডের বিধান রাখা হয়েছে। প্রযুক্তির সহায়তায় নকল প্রতিরোধে ধারা ৩এ সংযোজন করে পরীক্ষা কর্তৃপক্ষের নিষিদ্ধ ঘোষিত ইলেকট্রনিক ডিভাইস নিয়ে বা নেওয়ার চেষ্টা করে পরীক্ষাকক্ষে প্রবেশ এবং পরীক্ষা-সংক্রান্ত বৈধ নির্দেশনা ইচ্ছাকৃতভাবে লঙ্ঘনকে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে। এ অপরাধে সর্বোচ্চ দুই বছরের কারাদণ্ড, অর্থদণ্ড বা উভয় দণ্ডের বিধান রয়েছে। প্রশ্নপত্র ও উত্তরপত্র ফাঁসের শাস্তি আরও কঠোর করতে বিদ্যমান ধারা ৮ প্রতিস্থাপন করা হয়েছে। পরীক্ষার আগে প্রশ্নপত্র বা উত্তরপত্র নিজের কাছে রাখা, প্রকাশ, প্রচার বা বিতরণ করলে সর্বোচ্চ পাঁচ বছরের কারাদণ্ড, অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হতে হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## বুধবারে চট্টগ্রাম-রাঙামাটি জেলার এইচএসসি পরীক্ষা স্থগিত

ভারী বৃষ্টিপাতে জলাবদ্ধতার কারণে চট্টগ্রাম ও রাঙামাটি জেলায় বুধবারের এইচএসসি, আলিম ও এইচএসসি (বিএমটি) পরীক্ষা স্থগিত করা হয়েছে। তবে, চট্টগ্রাম বোর্ডের বাকি তিন জেলা কক্সবাজার, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। পাশাপাশি দেশের অন্যান্য সব শিক্ষা বোর্ডের আওতাধীন সব জেলায় সময়সূচি অনুযায়ী পরীক্ষা নেওয়া হবে। মঙ্গলবার রাতে আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় কমিটি পরীক্ষা স্থগিতের এই সিদ্ধান্ত জানিয়েছে। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামানের সই করা জরুরি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বন্যা পরিস্থিতি বিবেচনায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন চট্টগ্রাম ও রাঙামাটি জেলার আগামী ৮ জুলাই বুধবারের এইচএসসি, আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা ২০২৬ স্থগিত করা হলো। অন্যান্য শিক্ষা বোর্ড এবং চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন কক্সবাজার, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। স্থগিত হওয়া পরীক্ষার সময়সূচি পরবর্তীতে জানানো হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর সঙ্গে ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের শিক্ষার্থীদের মতবিনিময়

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে মতবিনিময় করেছেন রোবোসাব ২০২৬ (RoboSub 2026, USA)-এ বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্বকারী ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের শিক্ষার্থীরা। আজ মঙ্গলবার বিকেলে জাতীয় সংসদ ভবনে প্রধানমন্ত্রীর দফতরে শিক্ষার্থীদের সঙ্গে এই মতবিনিময় করেন। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব সুজাউদ্দৌল্লা এ কথা জানান। তিনি জানান, এ মতবিনিময়কালে শিক্ষার্থীরা তাদের তৈরি প্রজেক্ট প্রধানমন্ত্রীর সামনে তুলে ধরেন। প্রধানমন্ত্রীও শিক্ষার্থীদের সঙ্গে আন্তরিকভাবে মতবিনিময় করেন এবং তাদের উদ্ভাবনী প্রকল্প সম্পর্কে বিস্তারিত ধারণা নেন। প্রধানমন্ত্রী তরুণদের গবেষণা ও বিজ্ঞানভিত্তিক উদ্ভাবনী কাজে আরও মনোযোগী হতে উৎসাহিত করেন। একইসঙ্গে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের প্রতিনিধিত্বকারী শিক্ষার্থী হিসেবে তাদের এই গৌরবোজ্জ্বল অংশগ্রহণের জন্য আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানান। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

## প্রশাসনে ফ্যাসিস্ট সরকারের সহায়তাকারী কর্মকর্তাদের খোঁজে কাজ চলছে : প্রতিমন্ত্রী

বিগত ফ্যাসিস্ট সরকারকে দীর্ঘস্থায়ী করতে প্রশাসনের যে-সব কর্মকর্তা-কর্মচারী প্রকাশ্যে কাজ করেছেন, তাদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা রয়েছে সরকারের। ইতোমধ্যে সরকারের বিভিন্ন তদন্ত সংস্থা তাদের খুঁজে বের করতে কাজ শুরু করেছে। মঙ্গলবার জাতীয় সংসদের ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে প্রশ্নোত্তর পর্বে কুড়িগ্রাম-১ আসনের সংসদ সদস্য আনোয়ারুল ইসলামের প্রশ্নের জবাবে এ তথ্য জানান জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের শৃঙ্খলা ও নৈতিকতা বজায় রাখার বিষয়ে গাইবান্ধা-২ আসনের সংসদ সদস্য আব্দুল করিমের এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, মাঠ পর্যায়ে কোনো কর্মকর্তার নৈতিক স্খলনজনিত বিষয় নজরে এলে তাদের সাময়িক বরখাস্তসহ যথাযথ প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়। পাশাপাশি বিভাগীয় মামলা রুজু করে শাস্তির বিধান রয়েছে এবং এই তথ্য সংশ্লিষ্ট কর্মকর্তার ডোসিয়ারে সংরক্ষণ করা হয়, যা পরবর্তী সময়ে পদোন্নতি ও পদায়নের ক্ষেত্রে বিবেচনা করা হয়। তিনি বলেন, কর্মকর্তাদের সচেতনতা বাড়াতে চলতি ২০২৫–২৬ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের শৃঙ্খলা ও তদন্ত অনুবিভাগ থেকে ৬টি বিভাগীয় কমিশনারের কার্যালয়ের মাধ্যমে ১৮০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং এ বছর আরও ৮টি প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা রয়েছে। এছাড়া সিভিল সার্ভিসের প্রতিটি বাধ্যতামূলক কোর্সে দুর্নীতি প্রতিরোধ, নৈতিকতা ও শিষ্টাচার সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে বলেও তিনি জানান। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৭.২০২৬ আসাদ)

# BBC

## ZELENSKY TO PRESS NATO FOR AIR DEFENCE SYSTEMS AFTER INTENSE RUSSIAN STRIKES

Ukraine's president plans to use the Nato meeting in Turkey to urge Kyiv's allies to deliver the air defence systems it urgently needs to protect it from escalating Russian attacks. Volodymyr Zelensky's call for help rings with extra intensity after Russian missiles rained

down on the Ukrainian capital twice in less than a week, crashing into blocks of flats and killing more than 50 civilians. The summit in Ankara will also be a chance for Zelensky to hold a crucial meeting with Donald Trump and press home his case that Russia's "brutal" attacks are a show of weakness, not strength, and that Vladimir Putin should be pressured into talks towards a "dignified" peace. (BBC News Web Page: 07/07/26, FARUK)

**EXPLOSIONS INJURE 18 IN DAMASCUS DURING MACRON'S VISIT**

Eighteen people have been injured after explosive devices went off in central Damascus, Syrian media says, reportedly near the hotel where French President Emmanuel Macron had been staying. State news agency Sana said two devices had been detected by security forces, which exploded as specialized units began the process to defuse them. One device was placed inside a parked vehicle, while the other was concealed in a bin, the agency said. Macron has been in the capital for talks with his Syrian counterpart Ahmed al-Sharaa at the presidential palace. His officials said he was safe and did not hear the explosions. After travelling to Syria, the French president is set to head to Turkey for the Nato summit.
(BBC News Web Page: 07/07/26, FARUK)

**INDIA'S LANDMARK RAM TEMPLE OVERHAULS BOARD AFTER ALLEGED THEFT OF DONATIONS**

Authorities at the Grand temple to Hindu god Ram in the northern Indian city of Ayodhya have announced a leadership overhaul after allegations that tens of millions of rupees received in donations have been stolen. The trust that manages the shrine said it had accepted the resignation of general secretary Champat Rai and replaced him with an interim official. Inaugurated in January 2024 by Prime Minister Narendra Modi, the temple has become one of India's most important pilgrimage centres and attracts 50 million visitors annually. One of Modi's election promises, it replaced a 16th-Century mosque torn down by Hindu mobs in 1992, sparking nationwide riots in which nearly 2,000 people died. The Shri Ram Janmabhoomi Teerth Kshetra Trust - an independent trust which manages the shrine - held its first meeting on Monday after allegations of donation thefts surfaced last month. (BBC News Web Page: 07/07/26, FARUK)

**NINE POLICE OFFICERS KILLED IN PAKISTAN ATTACK: OFFICIALS**

At least nine police officers have been killed, and several are missing, after an attack by gunmen in Pakistan's south-western Balochistan province, a local government official has told BBC Urdu. The attackers opened fire on police guarding the construction site of a multi-billion rupee dam in the Ziarat district, Deputy Commissioner Abdul Quddus Achakzai said. Two senior officers are among those killed, and a search operation is under way to find missing personnel, he added. No group has claimed responsibility for the attack. Balochistan officials said security forces had killed 15 members of the Pakistani Taliban (TPP) in response, as part of a "clearance operation" in Ziarat. Protests against the attack on police have been taking place along a national highway near the site of the incident.
(BBC News Web Page: 07/07/26, FARUK)

**FATAL TYPHOON MAYSAK FLOODS BURST DAM WALL IN CHINA**

A reservoir wall broke in Nanning in China, sending out a torrent of water after rivers swelled from the passage of a typhoon. At least four people have been killed by flooding due to Typhoon Maysak, while another 62,000 have been evacuated across the southern city, officials say. The emergency flood control response has been raised to its highest level. President Xi Jinping has called for "all-out efforts" to rescue people affected by the floods across China. Authorities have warned that torrential rains will continue in the coming days. (BBC News Web Page: 07/07/26, FARUK)

**HEADTEACHER AMONG FOUR KILLED IN DEADLIEST ISRAELI ATTACK ON LEBANON SINCE LATEST CEASEFIRE**

An Israeli drone strike on a car in southern Lebanon has killed four people, including a headteacher, Lebanese state media says. Israel's military said the car had approached a security zone and had been deemed a threat. It is the deadliest Israeli attack since the announcement of a ceasefire in Lebanon last month. There has been a fragile calm since then, although Israel continues to carry out sporadic strikes, accusing Iran-backed Hezbollah of violating the deal. Lebanon's state-run National News Agency reported that, apart from the headteacher, the victims included her mother, a female foreign domestic worker and a male Syrian worker. (BBC News Web Page: 07/07/26, FARUK)

**AT LEAST 16 PEOPLE BURIED FOLLOWING LANDSLIDE IN CHINA**

At least 16 people are still buried following a landslide in the mountainous region of China's western province of Gansu. A total of 33 people were initially trapped, with 17 now "successfully rescued", state broadcaster CCTV reported on Tuesday. Chinese President Xi Jinping has ordered an all-out effort to rescue those affected by the natural disaster, CCTV said. While the cause of Tuesday's landslide remained unclear, China has been hit by deadly thunderstorms this week. China's Xinhua news agency reports that at least eight people died after thunderstorms hit the eastern part of the central Hubei Province on Monday night. At least one person remained missing.

(BBC News Web Page: 07/07/26, FARUK)

**TANKER ON FIRE IN STRAIT OF HORMUZ AFTER BEING HIT BY PROJECTILE OFF OMAN**

A tanker travelling off the coast of Oman in the Strait of Hormuz has caught fire after being struck by a projectile, according to the United Kingdom's military. The attack early on Tuesday was the latest targeting a vessel moving through the Gulf's critical waterway, through which a fifth of the world's oil and natural gas passed before the US-Israel war on Iran began in late February. The UK Maritime Trade Operations (UKMTO) centre said the tanker had been hit near Limah, Oman, in the strait. The projectile hit the port side of the vessel while it was trying to travel south out of the strait towards the Gulf of Oman, the UKMTO said. The agency said there were no reports of casualties or environmental damage, adding that authorities were investigating the incident.

(BBC News Web Page: 07/07/26, FARUK)

**CUBA SEES NATIONWIDE POWER BLACKOUT FOR THIRD TIME IN SIX MONTHS**

Cuba has suffered its third nationwide power blackout since the start of the year, as the country's fuel reserves diminish and its electric grid crumbles due to an energy crisis precipitated by the US fuel blockade. The blackout in the country of nearly 10 million people was reported on Monday by the state-run Electric Union, which said that the cause is under investigation. Cuba's Energy and Mines Minister Vicente de la O Levy said protocols were quickly activated to restore electricity throughout Cuba after the outage. Vital services continue to be protected, amidst this complex situation exacerbated by the energy blockade we face," he said. (BBC News Web Page: 07/07/26, FARUK)

**VENEZUELA EARTHQUAKES DEATH TOLL JUMPS TO MORE THAN 3,500**

More than 3,500 people have died after a pair of earthquakes struck Venezuela last week, while nearly 18,000 people remain unhoused. The death toll from Venezuela's twin earthquakes now sits at 3,535, with lawmaker Jorge Rodriguez saying on Monday that the latest official tally showed 16,740 people injured and 17,854 left without housing. At least 12,800 people were staying in 80 shelters across Caracas and La Guaira, the coastal regions most directly impacted by the earthquake. In La Guaira on Monday, witnesses told the Reuters news agency that they saw trucks and forensic workers transporting coffins while machinery dug out trenches in an open area marked by white crosses where authorities were burying bodies. An estimated 60,000 buildings were damaged or destroyed. (BBC News Web Page: 07/07/26, FARUK)

## :: THE END ::